

# Annual Report

2024-2025



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড  
Gas Transmission Company Limited  
(A Company of Petrobangla)

# Annual Report

---

2024-2025

*With the  
Compliments  
of  
the Board of Directors*



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড  
Gas Transmission Company Limited  
(A Company of Petrobangla)





# CONTENTS

Corporate Information	03
Vision & Mission	04
Messages	05
Gas transmission network flow diagram	11
Chairman of the Board of Directors	12
Shareholders	13
Directors' Profile	14
Managing Directors	20
Notice of Annual General Meeting	21
Directors' Report	22
Auditor's Report	77
Statement of Financial Position (Balance Sheet)	82
Profit & Loss Statement	83
Statement of changes in equity, cash flow statement and notes to financial statements for the year ended 30 <sup>th</sup> June 2025	84
Accounting Ratios	131
Graphical presentation of assets, capital and liabilities, revenue, sales and profit, deposit to national exchequer and account receivable	132
Auditor, Corresponding Bank & Registered Office	135
Publication Committee	136

# Corporate Information

Registered Name	Gas Transmission Company Limited (GTCL)
Company's Registration	C-25142(976)/93 14 December 1993
Commencement of Business	31 July 1994
Registered Office	Plot No. : F-18/A, Sher-e-Bangla Nagar Administrative Area, Agargaon, Dhaka-1207.
Corporation	Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)
Administrative Ministry	Energy and Mineral Resources Division Ministry of Power, Energy & Mineral Resources
Managing Director	Engr. Md. Haroon Bhuiyan
Contact	Tel : +88 02-44827200 Web : <a href="http://www.gtcl.gov.bd">www.gtcl.gov.bd</a> FB : <a href="https://www.facebook.com/gtcl.gov.bd">www.facebook.com/gtcl.gov.bd</a>
Company Status	Public Limited Company
Commencement of Gas Transmission	01 March 1994
Authorized Capital	Tk. 10000 crore
Paid up Capital	Tk. 25610337800
Total Number of Shares	1000 crore
Value Per Share	Tk. 10.00
Total Volume of Gas Transmission	2159.52 Crore Cubic Meter
Total Volume of Condensate Transmission	13.46 Crore Liter
Contribution to National Exchequer (2024-2025)	Tk. 925.73 Crore
Net Profit before Income Tax (2024-2025)	Tk. 319.11 Crore
Net Profit after Income Tax (2024-2025)	Tk. 246.99 Crore
Revenue Earning Sources	Transmission Charge
Company's E-TIN	487300800329
Company's BIN	001108668-0401
Manpower	Total 582 (Officer-474, Staff-108)



## VISION

To gradually create the national gas grid for the uninterrupted transportation of natural gas in a safe, reliable and economical way to the demand centers for ultimate distribution of the same by the marketing companies.



## MISSION

To continuously study the availability and demand of natural gas for meeting the primary energy need in the country; establish and operate required gas transportation facilities in a sound and efficient manner; build-up human resources; develop planning, design and operational standards consistent with world gas industry practice and manage corporate and financial operations for sustained development of the company.





মুহাম্মদ ফাওজুল কবির খান

উপদেষ্টা

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ প্রকাশনার মাধ্যমে কোম্পানির উন্নয়নমূলক সার্বিক কর্মকাণ্ড এবং অর্থনৈতিক কার্যাবলীর সামগ্রিক চিত্র প্রতিফলিত হবে। এ আয়োজনের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকা শক্তি হচ্ছে জ্বালানি। সমগ্র দেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি সরবরাহ নিশ্চিতকল্পে সরকার অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্য অর্জনে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার এলএনজি আমদানি, প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান, উৎপাদন, সঞ্চালন ও সুষ্ঠু বিতরণ ব্যবস্থার উন্নতিকল্পে ব্যাপক কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করেছে।

জিটিসিএল প্রতিষ্ঠার পর হতে দেশের বিভিন্ন অঞ্চলে নতুন উচ্চচাপ সম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের মাধ্যমে জাতীয় গ্যাস গ্রিডে নিরবচ্ছিন্নভাবে গ্যাস সঞ্চালন করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। ২০২৪-২০২৫ অর্থবছরে জিটিসিএল মোট ২১৭৭.৬০ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে দৈনিক গড়ে প্রায় ২০৮৯ মিলিয়ন ঘনফুট গ্যাস সঞ্চালন করেছে, যা সমগ্র দেশে মোট সঞ্চালিত গ্যাসের শতকরা ৭৮.২০ ভাগ। ইতোমধ্যে প্রতিষ্ঠানটি বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প এবং যমুনা রেলসেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করেছে।

জিটিসিএল কর্তৃক বর্তমানে ৩টি পাইপলাইন ও ১টি অফ ট্রান্সমিশন গ্যাস স্টেশন নির্মাণ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে এবং আরও ০৩টি পাইপলাইন নির্মাণ প্রকল্প পরিকল্পনাধীন রয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়ন সম্পন্ন হলে দেশের অধিকাংশ জেলায় শিল্প ও কল-কারখানায় গ্যাস সঞ্চালন করা সম্ভব হবে এবং গ্রাহকদের চাহিদার বৃহৎ অংশ পূরণ হবে। আমি আশা করি, জিটিসিএল-এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করে দেশের অর্থনৈতিক উন্নয়নে বলিষ্ঠ অবদান রাখবেন।

আমি গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড-এর ৩২তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

মুহাম্মদ ফাওজুল কবির খান



মোহাম্মদ সাইফুল ইসলাম

সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। এ প্রকাশনার মাধ্যমে কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরে সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে মর্মে আশা করছি।

জিটিসিএল প্রতিষ্ঠার পর হতে অত্যন্ত নিষ্ঠার সাথে জাতীয় গ্যাস গ্রিড পরিচালন, রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন উচ্চচাপ সম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের মাধ্যমে দেশব্যাপী গ্যাস সঞ্চালনে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন উন্নয়ন সহযোগী ও জিটিসিএল-এর নিজস্ব অর্থায়নসহ পেট্রোবাংলার অধীন অন্যান্য কোম্পানির অর্থায়নে জুন, ২০২৫ পর্যন্ত মোট ৩২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। কোম্পানি কর্তৃক ২১৭৭.৬০ কি.মি. দীর্ঘ উচ্চচাপ বিশিষ্ট গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে বর্তমানে দৈনিক গড়ে প্রায় ২০৮৯ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হচ্ছে, যা দেশে উৎপাদিত ও আমদানিকৃত মোট গ্যাসের প্রায় ৭৮.২০%। দেশের বিভিন্ন স্থানে গ্যাস সঞ্চালন নেটওয়ার্ক বৃদ্ধির লক্ষ্যে কোম্পানির আওতায় বর্তমানে ০৪টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে এবং ০৩টি প্রকল্প পরিকল্পনাধীন রয়েছে।

২০২৪-২০২৫ অর্থবছরে জিটিসিএল মোট ২১৫৯.৫২ কোটি ঘনমিটার গ্যাস এবং ১৩.৪৬ কোটি লিটার কনডেনসেট পরিবহন করে মোট ২২১৬.১৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে। উক্ত সময়ে পরিচালন ব্যয় হয়েছে ১৫০৮.৭১ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে কোম্পানি করপূর্ব মোট ৩১৯.১১ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে এবং মোট ৯২৫.৭৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে।

আমি জিটিসিএল-এর ২০২৪-২৫ অর্থবছরের ৩২তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি এবং কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি।

মোহাম্মদ সাইফুল ইসলাম



ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা  
সাবেক সচিব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ও  
চেয়ারম্যান, জিটিসিএল পরিচালক পর্ষদ

## বাণী

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ প্রকাশনার মাধ্যমে কোম্পানির সামগ্রিক উন্নয়ন কর্মকাণ্ড এবং ভবিষ্যৎ কর্ম পরিকল্পনার সামগ্রিক চিত্র প্রতিফলিত হবে বলে আমি বিশ্বাস করি।

দেশের আর্থসামাজিক উন্নয়ন, শিল্পায়ন ও দারিদ্র্য বিমোচনে জ্বালানি খাতের গুরুত্ব অপরিসীম। ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর হতে জিটিসিএল জাতীয় গ্যাস সঞ্চালন ব্যবস্থা এককেন্দ্রিকভাবে বিনির্মাণ, সুষ্ঠু পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে দেশের সকল অঞ্চলে প্রাকৃতিক গ্যাসের সুষম সরবরাহ ও ব্যবহার নিশ্চিতকল্পে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া, জিটিসিএল জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে জাতীয় গ্যাস গ্রিডের মাধ্যমে বিভিন্ন গ্যাস ফিল্ড হতে উত্তোলিত গ্যাস ও আমদানিকৃত আরএলএনজি বিপণন কোম্পানিসমূহের অধিভুক্ত এলাকায় অত্যন্ত সুষ্ঠু, নিরবচ্ছিন্ন ও নিয়ন্ত্রিতভাবে পরিচালনা করে দেশের অর্থনৈতিক অগ্রগতিতে অবদান রাখছে।


জিটিসিএল ২০২৪-২০২৫ অর্থবছরে বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প ও যমুনা রেলওয়ে সেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করেছে। প্রতিষ্ঠার পর হতে এ কোম্পানি বহু চ্যালেঞ্জ অতিক্রম করে ৩২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জাতীয় গ্যাস সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ করেছে এবং বর্তমানে মোট ২১৭৭.৬০ কি.মি. দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপলাইন ও ১৯৩ কি.মি. কনভেনসেন্ট পাইপলাইন পরিচালন করছে।

বর্তমানে কোম্পানি নিজস্ব অর্থায়নে ‘জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প’, ‘বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প’, ডিপোজিটরি ওয়ার্ক ভিত্তিতে আরপিসিএল এর অর্থায়নে ‘ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্প’ এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর অর্থায়নে ‘মহেশখালী অর্থনৈতিক অঞ্চল-৩ (ধলঘাট) এর গ্যাস, বিদ্যুৎ ও যোগাযোগ অবকাঠামো নির্মাণ প্রকল্প’ বাস্তবায়ন করছে। এছাড়া, কোম্পানির নিকট ভবিষ্যৎ কর্ম পরিকল্পনার আওতায় আরও ৩টি পাইপলাইন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

আমি জিটিসিএল-এর ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক সাধারণ সভার সাফল্য এবং প্রতিষ্ঠানটির সার্বিক অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করছি এবং পাশাপাশি কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা





বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন  
(পেট্রোবাংলা)

Bangladesh Oil, Gas & Mineral Corporation  
(Petrobangla)

চেয়ারম্যান  
Chairman

## বাণী

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন একমাত্র সঞ্চালন কোম্পানি গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, উক্ত প্রতিবেদনে কোম্পানির আয়-ব্যয়, লাভ-ক্ষতি, উন্নয়নমূলক কর্মকাণ্ড ও ভবিষ্যৎ পরিকল্পনার বাস্তব চিত্র প্রতিফলিত হবে।

জাতীয় গ্যাস সঞ্চালন ব্যবস্থা বিনির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী জাতীয় গ্যাস গ্রিড সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল অঞ্চলে প্রাকৃতিক গ্যাসের সুষম ব্যবহার নিশ্চিতকল্পে ১৪ ডিসেম্বর, ১৯৯৩ তারিখে পেট্রোবাংলার সঞ্চালন কোম্পানি হিসেবে জিটিসিএল প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন হতে জিটিসিএল তার অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য জাতীয় গ্যাস গ্রিড গঠন ও পরিচালনায় দক্ষতার স্বাক্ষর রেখেছে। বর্তমানে জিটিসিএল কর্তৃক ২১৭৭.৬০ কি.মি. উচ্চচাপ সম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং ১৯৩ কি.মি. কনডেনসেট পাইপলাইন পরিচালনা করা হচ্ছে।

জিটিসিএল ২০২৪-২০২৫ অর্থবছরে ২১৫৯.৫২ কোটি ঘনমিটার গ্যাস ও ১৩.৪৬ কোটি লিটার কনডেনসেট পরিবহন করে মোট ২২১৬.১৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে। ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালনা ব্যয় ও অন্যান্য ব্যয় সমন্বয়ের পর কোম্পানি করপূর্ব মোট ৩১৯.১১ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে এবং ঋণের আসল, ঋণের সুদ, লভ্যাংশ, সিডি-ভ্যাট ও আবগারি শুল্ক, আয়কর ইত্যাদি বাবদ সর্বমোট ৯২৫.৭৩ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে।

কোম্পানির ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে আমি জিটিসিএল-এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি। একই সাথে আমি কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক সাধারণ সভার সাফল্য এবং কোম্পানির উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করছি।

মোঃ রেজানুর রহমান



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)  
(A Company of Petrobangla)

## ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের সার্বিক কর্মকাণ্ডের ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাথে সরাসরি সম্পৃক্ত থাকতে পেরে আমি আনন্দিত। জাতীয় গ্যাস গ্রিড এর এককেন্দ্রিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং দেশের সকল অঞ্চলে প্রাকৃতিক গ্যাসের সুষম ব্যবহার নিশ্চিতকল্পে সরকারের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার আওতায় নতুন নতুন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের মাধ্যমে জাতীয় গ্যাস গ্রিড সম্প্রসারণের উদ্দেশ্যে ১৯৯৩ সালের ১৪ ডিসেম্বর কোম্পানি আইনের আওতায় পেট্রোবাংলার অধীনে একমাত্র গ্যাস সঞ্চালন পাইপলাইন কোম্পানি হিসেবে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠার পর হতে এ কোম্পানি অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে উক্ত দায়িত্ব পালন করে যাচ্ছে এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, কোম্পানির নিজস্ব অর্থায়ন, পেট্রোবাংলা এবং এর অধীন কোম্পানিসমূহের অর্থায়নে কোম্পানি কর্তৃক ইতোমধ্যে ৩২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহের মাধ্যমে কোম্পানি কর্তৃক নির্মিত ১৬৩৩.২৩ কি.মি. দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পেট্রোবাংলার অধীনস্থ বিতরণ কোম্পানি কর্তৃক হস্তান্তরিত ৫৪৪.৩৭ কি.মি.সহ মোট ২১৭৭.৬০ কি.মি. গ্যাস পাইপলাইন ও ১৯৩ কি.মি. কনডেনসেট পাইপলাইন জিটিসিএল কর্তৃক পরিচালিত হচ্ছে এবং উক্ত ২১৭৭.৬০ কি.মি. দীর্ঘ উচ্চচাপ বিশিষ্ট গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে বর্তমানে দৈনিক গড়ে প্রায় ২০৮৯ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে যা দেশে উৎপাদিত ও আমদানিকৃত মোট গ্যাসের প্রায় ৭৮.২০%।

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি “বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প” ও “যমুনা রেলওয়ে সেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প” সফলভাবে বাস্তবায়ন করেছে। বর্তমানে ডিপোজিটরি ওয়ার্কের ভিত্তিতে ২টিসহ মোট ৪টি প্রকল্প (ক) জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প (খ) বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প (গ) ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প এবং (ঘ) মহেশখালী অর্থনৈতিক অঞ্চল-৩ (ধলঘাটা) এর গ্যাস, বিদ্যুৎ ও যোগাযোগ অবকাঠামো নির্মাণ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, অদূর ভবিষ্যতে আরও ৩টি প্রকল্প (ক) ভোলা-বরিশাল-জাঁজিরা-মাওয়া-আমিনবাজার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প, (খ) বরিশাল-খুলনা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প এবং (গ) মহেশখালী/মাতারবাড়ি-বাখরাবাদ ৩য় সমান্তরাল গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

কোম্পানি ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ২১৫৯.৫২ কোটি ঘনমিটার গ্যাস ও ১৩.৪৬ কোটি লিটার কনডেনসেট পরিবহন করে সঞ্চালন চার্জ বাবদ ২২১৬.১৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে। এ সময়ে পরিচালন ব্যয় বাবদ ১৫০৮.৭১ কোটি টাকা খরচ হয়েছে। আলোচ্য অর্থবছরে কোম্পানির করপূর্ব নীট মুনাফার পরিমাণ ৩১৯.১১ কোটি টাকা এবং কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ ২৪৬.৯৯ কোটি টাকা। এ অর্থবছরে কোম্পানি কর্তৃক সর্বমোট ৯২৫.৭৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

কোম্পানির অনুমোদিত সাংগঠনিক কাঠামোর আওতায় কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি, প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং মানবসম্পদ উন্নয়ন অব্যাহত রয়েছে এবং তথ্যপ্রযুক্তি, ই-ফাইলিং ও ইআরপিওর ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণের উপরও কোম্পানি বিশেষ গুরুত্বারোপ করেছে। অদূর ভবিষ্যতে কোম্পানিকে একটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠানে উন্নীতকরণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

কোম্পানির বিভিন্ন কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে জিটিসিএল পরিচালনা পর্ষদ, পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিকল্পনা কমিশন ও উন্নয়ন সহযোগি সংস্থাসমূহের সময়োপযোগী সহযোগিতা, দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করায় তাঁদের নিকট আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়া, দেশের বিভিন্ন অঞ্চলে উচ্চচাপ সম্পন্ন পাইপলাইন নির্মাণে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের পক্ষ হতে সময়োপযোগী সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করে জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখায় আমি তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

পরিশেষে কোম্পানির উত্তরোত্তর সাফল্য ও অগ্রগতির জন্য পরম করুণাময় আল্লাহ তা'আলার নিকট সাহায্য প্রার্থনা করছি।

প্রকৌ. মোঃ হারুন ভূঁইয়া





## পরিচালক পর্ষদের চেয়ারম্যান

জনাব সি, ক, মো, আবদুল্লাহ	২৩-০১-১৯৯৪ হতে ৩১-১২-১৯৯৫
ড. মুজিবুর রহমান খান	০৪-০১-১৯৯৬ হতে ২৫-০৫-১৯৯৬
জনাব মোঃ মোশাররফ হোসেন	২৫-০৫-১৯৯৬ হতে ২২-০৭-২০০১
অধ্যাপক ড. মোঃ হোসেন মনসুর	২২-০৭-২০০১ হতে ০৪-১২-২০০১
সৈয়দ সাজেদুল করিম	০৪-১২-২০০১ হতে ১২-০৬-২০০৩
জনাব মুহাম্মদ আজিজুল ইসলাম	১২-০৬-২০০৩ হতে ০৪-০৬-২০০৪
জনাব এস, আর, ওসমানী	০৫-০৬-২০০৪ হতে ১৭-১২-২০০৫
জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা	১৮-১২-২০০৫ হতে ১৪-০২-২০০৭
ড. শেখ আব্দুর রশীদ	১৫-০২-২০০৭ হতে ২৬-০৯-২০০৭
জনাব জালাল আহমেদ	২৬-০৯-২০০৭ হতে ০৪-০৫-২০০৯
মেজর মোঃ মোক্তাদীর আলী (অবঃ)	০৪-০৫-২০০৯ হতে ২৪-১০-২০০৯
অধ্যাপক ড. মোঃ হোসেন মনসুর	২৫-১০-২০০৯ হতে ২৯-১০-২০১৪
জনাব মোঃ আবুবকর সিদ্দিক	৩০-১০-২০১৪ হতে ৩০-১১-২০১৫
জনাব নাজিমউদ্দিন চৌধুরী	১৫-১২-২০১৫ হতে ১২-০৫-২০১৮
জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম	১৩-০৫-২০১৮ হতে ১১-০১-২০২০
জনাব মোঃ আনিছুর রহমান	১২-০১-২০২০ হতে ০২-০১-২০২২
জনাব মোঃ মাহবুব হোসেন	০৩-০১-২০২২ হতে ০৯-০১-২০২৩
জনাব মোঃ খায়রুজ্জামান মজুমদার	১০-০১-২০২৩ হতে ২৮-০৮-২০২৩
জনাব মোঃ নূরুল আলম	২৯-০৮-২০২৩ হতে ১৭-০৯-২০২৪
জনাব এ এইচ এম নূরুল ইসলাম	১৮-০৯-২০২৪ হতে ১৭-০৬-২০২৫
জনাব মোঃ হাফিজুর রহমান ভূঞা	১৮-০৬-২০২৫ হতে

# SHAREHOLDERS



**Md Rezanur Rahman**  
Additional Secretary  
Government of the People's Republic of Bangladesh and  
Chairman, Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
& Shareholder, GTCL



**S M Mahbub Alam**  
Joint Secretary  
Government of the People's Republic of Bangladesh  
and Director (Administration)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
& Shareholder, GTCL



**A K M Mizanur Rahman**  
Joint Secretary  
Government of the People's Republic of Bangladesh  
and Director (Finance)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
& Shareholder, GTCL



**Md. Abdul Mannan Patwary**  
Director (Planning), Petrobangla  
& Shareholder, GTCL



**Engr. Md. Rafiqul Islam**  
Director (Operation & Mines), Petrobangla  
& Shareholder, GTCL



**Md. Amzad Hossain**  
Secretary, Petrobangla  
& Shareholder, GTCL



# DIRECTORS' PROFILE



## Dr. Md. Hafizur Rahman Bhuiyan

Former Secretary  
Government of the People's Republic of Bangladesh  
& Chairman, GTCL Board.



Dr. Md. Hafizur Rahman Bhuiyan was born on 11<sup>th</sup> April 1955 in Kendua upazila of Netrokona district. He is a distinguished civil servant and academic researcher who has made significant contribution to public administration in Bangladesh. He pursued his academic career at the University of Dhaka, obtained his B.Sc. (Honours) and M.Sc. degrees in Zoology. Later on, driven by a deep interest in history and governance, he completed his Ph.D. in History from the same University.

He joined the Bangladesh Civil Service (Administration Cadre) in 1983 as member of Bangladesh Civil Service 1982 (Regular Batch) and began his professional journey as a Magistrate at the Sub-Divisional Office in Cox's Bazar. Over the course of more than three decades, he held almost every key position in field administration, gained a reputation for integrity, dedication and deep institutional knowledge. He served as Upazila Magistrate in Palash (Narsingdi) and as Upazila Nirbahi Officer (UNO) in Dharmapasha and Bishwambharpur upazila under the district of Sunamganj. He also served for five years in Sylhet district, holding all major positions at the Additional Deputy Commissioner level.

From 2001 to 2005, he held the prestigious position of Deputy Commissioner & District Magistrate in Dinajpur and Bandarban Hill District. He also worked as District Judge in the district of Bandarban Hill District. In 2005 and 2006 he was appointed Joint Secretary (APD) in the Ministry of Establishment (now Ministry of Public Administration) and in the Ministry of Civil Aviation and Tourism respectively. In 2006, he was promoted to Additional Secretary and appointed Chairman of the Bangladesh Parjatan Corporation.

In 2008, he was appointed Divisional Commissioner of Rajshahi Division, a role he fulfilled with distinction until the end of 2010. He retired from the civil service in 2015 as a Secretary to the Government of Bangladesh. During his service tenure he represented Bangladesh on various official missions and training programs in several countries including Japan, China, South-Korea, Saudi Arabia and the United Kingdom.

Following his retirement, he continued contributing to national development and governance as a consultant with the Bangladesh Planning Commission and the World Bank. At present, he serves as a Member of the Public Administration Reform Commission, formed by the Interim Government of Bangladesh to recommend and oversee reforms in the country's governance system.

In addition to his civil service career, Dr. Bhuiyan has been deeply involved in academic research, particularly focusing on land administration, historical governance systems and regional development. He published some research-oriented books such as 'সিলেট বিভাগের প্রশাসন ও ভূমি ব্যবস্থা (১৯৯৯), যুগপ্ৰসঙ্গীয় বাংলার ভূমি আইন ও ভূমি ব্যবস্থা (৩ খণ্ড, ২০০২-২০০৪), অবিভক্ত রাজশাহী বিভাগের উন্নয়ন সমস্যা ও সম্ভাবনা (সম্পাদিত-২০১০) এবং ময়মনসিংহের জমিদারি ও ভূমিস্বত্ব (বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কর্তৃক ২০১৮ সালে প্রকাশিত), বাংলায় জমিদারি ব্যবস্থা উদ্ভব-ক্রমবিকাশ ও অবসান (২০২৪)।'

Mrs. Kaniz Fatima is his wife. He is a proud father of one son and one daughter and a grandfather to three grandsons and one granddaughter.



## Kaniz Moula

Secretary  
Bangladesh Parliament Secretariat  
& Director, GTCL Board.

Ms. Kaniz Moula, an accomplished civil servant in public administration, currently serves as Secretary of the Bangladesh Parliament Secretariat. She was born in February 1968 into a respected Muslim family in Sirajganj district. She holds an M.S.S. in Marketing from the University of Dhaka.

Ms. Moula joined the Bangladesh Civil Service (Administration Cadre) on 15 November 1995. Over nearly three decades, she has served across a wide spectrum of ministries, divisions & field administration, including the offices of the Deputy Commissioners of Tangail and Dhaka, the Energy and Mineral Resources Division, Ministry of Shipping, Ministry of Public Administration, Cabinet Division, Ministry of Water Resources, Ministry of Land and the Land Administration Training Centre (LATC).

Her illustrious service record also encompasses key assignments at the Implementation Monitoring and Evaluation Division (IMED), the Land Appeal Board and the Ministry of Health and Family Welfare, where she played an instrumental role in strengthening institutional capacity and governance systems. Prior to her current appointment, she held the position of Additional Secretary at IMED, Ministry of Planning.

A lifelong learner, Ms. Moula has participated in numerous professional training and leadership development programs, both in Bangladesh and abroad, gaining rich exposure to global best practices in administration and development. As part of her official duties and academic pursuits, she has traveled extensively.

Beyond her official responsibilities, she is deeply engaged in social welfare initiatives and community development. She holds the position of Treasurer of the Bangladesh Administrative Service Association. Additionally, she has served as Vice President of the Marketing Alumni Association of Dhaka University.

In her personal life, Ms. Moula is a devoted mother of two daughters and one son.

## Dr. Nurun Nahar Chowdhury, ndc

Secretary  
Ministry of Shipping  
& Director, GTCL Board.



Dr. Nurun Nahar Chowdhury, ndc, Secretary to the Government of the People's Republic of Bangladesh is currently working in the Ministry of Shipping. She has joined the civil service in 1998 as a member of BCS Administration Cadre of 17<sup>th</sup> batch. She has completed her graduation and post-graduation in International Relations from Dhaka University. She has obtained her Post Graduate Diploma degree from International Institute of Social Studies (ISS) in the Netherlands. She attained her second Masters and Doctoral degree from Monash University, Australia. She was awarded the National Defense Course (NDC) degree from National Defense College, Bangladesh. She has served at various capacities in the Ministry of Public Administration, Ministry of Agriculture, Ministry of Defense, Bangladesh Civil Service Administration Academy, National Institute of Local Government, Department of Disaster Management, Directorate of primary Education and in the field administration at Pabna, Feni and Cox's Bazar.

In her personal life, she is happily married to Dr. Mohammed Ziaul Haque and blessed with one son and one daughter.





## Md. Abdul Mannan

**Additional Secretary (Coordination and Monitoring)  
Energy and Mineral Resources Division  
Ministry of Power, Energy & Mineral Resources  
& Director, GTCL Board.**

Mr. Md Abdul Mannan, Additional Secretary (ID 6575) EMRD, a member of BCS (Administration) Cadre (18<sup>th</sup> Batch), Joined the Civil Service in 1999. In his illustrious service career he served as Assistant Commissioner and UNO in the field level. He is an expert trainer and worked as faculty member at BIAM Foundation. Prior to joining EMRD he worked as Senior Assistant Secretary, Deputy Secretary, Joint Secretary and Additional Secretary in important ministries like Finance Division, Ministry of Education, ICT Division, Ministry of Environment, Forest and Climate Change, Ministry of Industries, Health Education Division and so on. He contributed much particularly in policy formulation.

He participated different training programs at home and abroad. He travelled many countries like UK, Japan, Singapore, Germany, Korea, India, Thailand, Malaysia, Australia, Italy etc. for training and conference.

Mr Md. Abdul Mannan was born of a respectable Muslim family at Kahaloo Upazila in Bogura District. He completed his Graduation & Post Graduation in English Literature and M.Phil (in Political Science) from the University of Dhaka. Moreover, he obtained Post Graduate Diploma in Project Management from the University of Bedfordshire, UK.

## Monir Hossain Chowdhury

**Joint Secretary (Operations Division)  
Energy and Mineral Resources Division  
Ministry of Power, Energy & Mineral Resources  
& Director, GTCL Board.**



Mr. Monir Hossain Chowdhury, a career Civil Servant, joined Bangladesh Civil Service in 2003. He belongs to 21<sup>st</sup> batch of Bangladesh Civil Service, Administration cadre.

During his 22 years of service in the Government of Bangladesh, he worked in different ministries in different capacities. Prior to his present position, he was posted as Joint Secretary in the Finance Division, Ministry of Finance and the Ministry of Liberation War Affairs. He also served as Deputy Secretary in the Ministry of Public Administration, Ministry of Home Affairs and the Ministry of Expatriate Welfare and Overseas Employment. Mr. Chowdhury also discharged his duties as Senior Assistant Secretary in different ministries including Ministry of Education and Ministry of Commerce.

In the early stage of his career, he worked in the field administration Assistant Commissioner and Magistrate. He was also posted as Assistant Commissioner (Land) in different places including Cumilla and Chattogram where he supervised Land Development Tax collection, resolved land related disputes and coordinated various public-sector development programs.

Mr. Chowdhury holds a Masters of Business Administration (MBA) from Ajou University, South Korea. He worked as a research fellow in the Meiji University, Tokyo, Japan.

Mr. Chowdhury was born in a respectable Muslim family in Feni District. He is married and blessed with a daughter.



## Md. Samsul Islam

Joint Secretary (Development Branch)  
Local Government Division  
Ministry of Local Government, Rural Development and Co-operatives  
& Director, GTCL Board.

Mr. Md Samsul Islam is a geologist with a degree from the Geology Department of Dhaka University. He graduated with first class first in his Master of Science in Geology.

Immediately after graduation, he began his career in the energy sector. He had the opportunity to work as a geologist with Occidental-Unicol Gas Company at Bibiyana, the largest gas field in Bangladesh and also in the Jalalabad Gas Field for one and a half years. Following that, he joined the Geological Survey of Bangladesh as Assistant Director.

He then pursued his Ph.D. at the Technical University of Delft in the Netherlands. During his doctoral studies, he took the Bangladesh Civil Service (BCS) exam at the London center, where he achieved 7<sup>th</sup> place in the administration cadre. Currently, he is serving as the Joint Secretary in the Local Government Division. His 22 years career has been dedicated to improving public administration, policy implementation and governance.

He is pleased to hold a directorship in the Gas Transmission Company Limited (GTCL) in Bangladesh energy sector where he is committed to contribute his academic and professional experience.

Beyond his career, Mr. Islam is a cornerstone of civic engagement, demonstrating a lifelong commitment to leadership and community. He has consistently served his professional peers as President of the 22<sup>nd</sup> BCS Administration Forum, Vice-President of the 22<sup>nd</sup> BCS Forum and Assistant General Secretary of Bangladesh Administrative Service Association (BASA). His influence extends to the social sphere at the Officers Club Dhaka and to his academic roots, where he helps steer the Geological Society of Bangladesh (BGS) as an executive member of the council and serves as Vice President of the Dhaka University Geology Alumni Association (DUGAA), bridging generations. Through these roles, he actively builds and sustains the networks that bind these communities.

## Mst. Moursheda Ferdous

Joint Secretary (Development-1 Branch)  
Energy and Mineral Resources Division  
Ministry of Power, Energy & Mineral Resources  
and Director, GTCL Board.



Mst. Moursheda Ferdous is currently serving as Joint Secretary of the Energy and Mineral Resources Division.

Mst. Ferdous is a member of the Bangladesh Civil Service (Administration Cadre) 22<sup>nd</sup> batch. She started her career as an Assistant Commissioner and Magistrate in Mymensingh DC Office. Later she worked in the Ministry of Shipping and the Cabinet Division as Senior Assistant Secretary and Deputy Secretary.

Mst. Moursheda Ferdous obtained BSc (Honours) in Mathematics and MSc in Applied Mathematics from the Dhaka University. Later she completed another 2-years Master's program in Public Policy and Management from the University of Melbourne, Australia under Australia Award Scholarship.

Along with some basic professional trainings, Mst. Ferdous attended several trainings on Project management, Procurement, information technology and so on. Moreover, she joined in number of foreign trainings, seminars and workshops in United States, United Kingdom, China, Malaysia and Canada.

Mst. Ferdous is married with Dr. Md. Mamun Molla, Professor of North South University and they have one daughter.



### Engr. Md. Shoyeb

Director (PSC), Petrobangla  
& Director, GTCL Board.

Engr. Md. Shoyeb was born in an aristocratic Muslim Family on January 1968. He is from Jamalpur district. He obtained B.Sc. Engineering in EEE from BUET. He joined the Sylhet Gas Fields Ltd. on 1 March 1994 as Assistant Engineer. In his service life, he worked as Deputy Manager, Manager, DGM, GM in the field of Operation and Liquid Petroleum & Marketing Division. He was Project Director of the project titled "Installation of Catalytic Reforming Unit to convert petrol into octane at Rashidpur", Habiganj. He served Bangladesh Gas Fields Co. Ltd. (BGFCL) as Managing Director from February 2022 to May 2023. He also served in Bapex as Managing Director from May 2023 to April 2025. He joined Director (Production Sharing Contract) of Petrobangla on 15 April 2025. Mr. Shoyeb has undergone various professional training programs both within the country and abroad. He has traveled around the world including China, South Korea, Singapore, France, Germany, UK & USA as part of his official duties.

Engr. Md. Shoyeb is always involved in different social & professional welfare organizations. He is the Fellow of IEB and member of BUET Alumni Association.

### Engr. Md. Haroon Bhuiyan

Managing Director, GTCL  
& Director, GTCL Board.



Engr. Md. Haroon Bhuiyan has been serving as the Managing Director of Gas Transmission Company Limited (GTCL) under Petrobangla since 22 June 2025. He is the 20<sup>th</sup> Managing Director of GTCL. Prior to this role, he was the Managing Director of Rupantarita Praktik Gas Company Limited (RPGCL).

He was born in a renowned Muslim family on 1<sup>st</sup> January 1971 at Tejgoan in Dhaka district. He obtained B.Sc. in Mechanical Engineering from Bangladesh University of Engineering and Technology (BUET) in 1994. Prior to that, he completed his HSC from Notre Dame College, Dhaka in 1987 and SSC from BAF Shaheen School & College, Dhaka in 1985. In addition to his academic qualifications, he completed various short courses both at home and abroad during his long service career.

He started his career as an Assistant Engineer (Mechanical) in Chattogram Port Authority in 1995. He served over there in Container Handling Department for 04 (four) years. Then in 1999 he joined in Petrobangla as an Assistant Engineer (Mechanical) and has been serving in this organization for more than 25 years. During his long service life he was engaged in Strategic Planning Division, Engineering Division, LNG Cell and Services Division of Petrobangla. Throughout his career, he has participated in numerous professional trainings, workshops, seminars and visits both at home and abroad including in Malaysia, Australia, India, Thailand, Indonesia, Turkey, Greece, Austria, Singapore and Japan.

He is actively involved in various socio-economic, humanitarian and religious activities and is also recognized as an expert organizer. He is a member of the Institution of Engineers, Bangladesh (IEB), as well as member of the BUET Mechanical Engineering Alumni Association.

He is the worthy son Late Md. Idris Bhuiyan and Hafiza Khatun. He is blessed with 04 (four) daughters and a pious spouse.



## ব্যবস্থাপনা পরিচালক

সৈয়দ আনোয়ারুল হক	২৩-১২-১৯৯৩ হতে ১২-১২-১৯৯৫
জনাব মোঃ ইমদাদুল হক	১৩-১২-১৯৯৫ হতে ১৮-১১-১৯৯৬
জনাব মুঈনুল আহসান	১৯-১১-১৯৯৬ হতে ১৭-১১-১৯৯৮
জনাব খোন্দকার মোমিনুল হক	১৮-১১-১৯৯৮ হতে ৩১-০৭-২০০০
জনাব মুঈনুল আহসান	০২-০৮-২০০০ হতে ০৩-০২-২০০৩
জনাব এম, এ, রইস সিদ্দিক	০৪-০২-২০০৩ হতে ০৮-১১-২০০৩
জনাব মন্জুর মোরশেদ তালুকদার	০৯-১১-২০০৩ হতে ০৬-১১-২০০৮
জনাব মোঃ মাহবুবুর রহমান	০৭-১১-২০০৮ হতে ৩০-১২-২০০৮
জনাব মোঃ আমিনুর রহমান	৩১-১২-২০০৮ হতে ২৯-১২-২০১৩
জনাব জামিল এ আলিম	৩০-১২-২০১৩ হতে ০৮-০১-২০১৫
জনাব নিজাম শরিফুল ইসলাম	০৮-০১-২০১৫ হতে ০৭-০৩-২০১৬
জনাব মোঃ মাহবুব ছরোয়ার	০৭-০৩-২০১৬ হতে ২৩-১১-২০১৬
জনাব মো. আতিকুজ্জামান	২৩-১১-২০১৬ হতে ২৪-০৪-২০১৮
জনাব আলী মোঃ আল-মামুন	২৪-০৪-২০১৮ হতে ০৩-১২-২০১৯
জনাব মো. আতিকুজ্জামান	০৩-১২-২০১৯ হতে ৩১-০৫-২০২১
প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক	০১-০৬-২০২১ হতে ৩০-১২-২০২৩
জনাব শাহনেওয়াজ পারভেজ	৩১-১২-২০২৩ হতে ১০-০৯-২০২৪
প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক	১১-০৯-২০২৪ হতে ২৫-০১-২০২৫
প্রকৌ. মোঃ আনোয়ারুল ইসলাম	২৬-০১-২০২৫ হতে ২১-০৬-২০২৫
প্রকৌ. মোঃ হারুন ভূঁইয়া	২২-০৬-২০২৫ হতে

সূত্র নম্বর: ২৮.১৪.০০০০.০৭৮.৪২.০১২.২৫.১৩১

তারিখ: ২২ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

### ৩২তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

এতদ্বারা নোটিশ প্রদান করা যাচ্ছে যে, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৯ ডিসেম্বর, ২০২৫ (১৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ) তারিখ রোজ সোমবার সন্ধ্যা ০৭:০০ ঘটিকায় জিটিসিএল প্রধান কার্যালয়স্থ বোর্ড রুম (প্লট নম্বর: এফ-১৮/এ, লেভেল-৫, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে।

#### বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচি :

- ১। গত ১৭-১১-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৩১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ;
- ২। গত ১৭-১১-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৩১তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;
- ৩। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালক পর্ষদের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
- ৪। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন;
- ৫। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের লভ্যাংশ ঘোষণা সম্পর্কিত;
- ৬। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;
- ৭। কোম্পানির পরিচালক পর্ষদে পরিচালক নিয়োগ অনুমোদন;
- ৮। কোম্পানির পরিচালক পর্ষদের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং তদস্থলে পুনর্নিয়োগ বিবেচনা ও অনুমোদন;
- ৯। কোম্পানির পরিচালক পর্ষদের পরিচালকগণের সম্মানী পুনর্নির্ধারণের প্রস্তাব অনুমোদন; এবং
- ১০। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আইনগতভাবে আলোচনাযোগ্য বিবিধ বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (যদি থাকে)।

সম্মানিত শেয়ারহোল্ডার এবং পরিচালকবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

সম্মানিত কোন শেয়ারহোল্ডার ব্যক্তিগতভাবে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হতে অপারগ হলে প্রক্সি ফর্ম পূরণপূর্বক জমাদানের মাধ্যমে তাঁর পক্ষে বর্ণিত সভায় উপস্থিতির জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

পরিচালক পর্ষদের আদেশক্রমে,



(কাজী হাসান মাসুদ)

কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক)

#### বিতরণঃ

#### শেয়ারহোল্ডারবৃন্দ :

- ১। জনাব মোঃ রেজানুর রহমান, চেয়ারম্যান, পেট্রোবাংলা।
- ২। জনাব এস এম মাহবুব আলম, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।
- ৩। এ কে এম মিজানুর রহমান, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।
- ৪। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা।
- ৫। প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।
- ৬। জনাব মোঃ আমজাদ হোসেন, সচিব, পেট্রোবাংলা।
- ৭। পেট্রোবাংলাঃ প্রতিনিধিত্বকারী-চেয়ারম্যান, পেট্রোবাংলা।

#### পরিচালকবৃন্দ :

- |  |   |             |
|--|---|-------------|
| ১। ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা, সাবেক সচিব   | - | চেয়ারম্যান |
| ২। জনাব মিজ কানিজ মওলা, সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়  | - | পরিচালক     |
| ৩। ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়   | - | পরিচালক     |
| ৪। জনাব মোঃ আব্দুল মান্নান, অতিরিক্ত সচিব (সমন্বয় ও মনিটরিং), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়           | - | পরিচালক     |
| ৫। জনাব মনির হোসেন চৌধুরী, যুগ্মসচিব (অপারেশন অনুবিভাগ), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়                 | - | পরিচালক     |
| ৬। জনাব মোঃ সামছুল ইসলাম, যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়                  | - | পরিচালক     |
| ৭। জনাব মোছাঃ মোর্শেদা ফেরদৌস, যুগ্মসচিব (উন্নয়ন-১, উন্নয়ন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | - | পরিচালক     |
| ৮। প্রকৌ. মোঃ শোয়েব, পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা  | - | পরিচালক     |
| ৯। প্রকৌ. মোঃ হারুন ভূঁইয়া, ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল   | - | পরিচালক     |

#### অনুলিপিঃ

- ১। রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, টিসিবি ভবন (৭ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
- ৩। সচিব, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
- ৪। মেসার্স এস এফ আহমেদ এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস, হাউজ নং-৫১ (২য় ও ৩য় তলা), রোড নং-৯, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩।
- ৫। অফিস কপি।

## গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের সার্বিক কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন।

বিস্মিল্লাহির রাহমানির রাহীম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম।

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর ৩২তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানির পরিচালক পর্ষদের পক্ষ হতে আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। জাতীয় গ্যাস সঞ্চালন ব্যবস্থা এককেন্দ্রিকভাবে বিনির্মাণ, সুষ্ঠু পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী জাতীয় গ্যাস গ্রিড সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল অঞ্চলে প্রাকৃতিক গ্যাসের যৌক্তিক সরবরাহ ও ব্যবহার নিশ্চিতকল্পে সরকার ১৪ ডিসেম্বর ১৯৯৩ তারিখে জিটিসিএল প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠার পর হতে জিটিসিএল জ্বালানি নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় গ্যাস গ্রিডের মাধ্যমে বিভিন্ন গ্যাস ক্ষেত্রে উৎপাদিত/প্রাপ্ত গ্যাস ও আমদানিকৃত এলএনজি হতে প্রাপ্ত গ্যাস (আরএলএনজি) বিপণন কোম্পানিসমূহের অধিভুক্ত এলাকায় বিভিন্ন শ্রেণির গ্রাহকদের নিকট নিরবচ্ছিন্নভাবে সঞ্চালনের দায়িত্ব অত্যন্ত সুষ্ঠু ও সুনিয়ন্ত্রিতভাবে পরিচালনা করে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বার্ষিক সাধারণ সভার এ বিশেষ আয়োজনে আমি কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত সার্বিক কর্মকাণ্ডের বিবরণ, প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি, নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র, লাভ-ক্ষতির হিসাব, নিরীক্ষকের প্রতিবেদন, প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার একটি ধারাবাহিক চিত্র আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি:

### ১.০। পরিচালন কার্যক্রম

১.১। জিটিসিএল কর্তৃক হুইলিং চার্জ প্রাপ্য সঞ্চালিত মোট গ্যাসের পরিমাণ ২১৫৯.৫২ কোটি ঘনমিটার। জিটিসিএল পরিচালিত উচ্চচাপসম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন ও স্থাপনাসমূহের নির্ধারিত ডেলিভারি পয়েন্ট দ্বারা ২০২৪-২০২৫ অর্থবছরে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিএলসি), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিএলসি), জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিএলসি) ও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিএলসি)-এর অধিভুক্ত এলাকায় এবং মুচাই কম্প্রসর স্টেশন-এর জন্য শেভরন বাংলাদেশ লিঃ-কে যথাক্রমে ১৩২২.৩৯, ২৪০.৮০, ২৮৪.৬৮, ১৩৪.৩৩, ১৩৯.২৬, ৩৬.১৯ ও ৩.৬০ কোটি ঘনমিটার অর্থাৎ সর্বমোট ২১৬১.২৫ কোটি ঘনমিটার গ্যাস (যার মধ্যে ৭৯৮.০৬ কোটি ঘনমিটার আরএলএনজি এবং বিজিডিএলসি কর্তৃক হুইলিং চার্জ প্রাপ্য ১.৭৯ কোটি ঘনমিটার গ্যাস অন্তর্ভুক্ত রয়েছে) পরিবহন/সঞ্চালন করা হয়, যা পূর্ববর্তী বছর হতে ০.১১% বেশি। অপরদিকে, উল্লিখিত সময়ে উত্তর-দক্ষিণ কনডেনসেট পাইপলাইনের মাধ্যমে শেভরন-এর জালালাবাদ ও বিবিয়ানা গ্যাস ক্ষেত্র এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ-এর কৈলাশটিলা গ্যাসক্ষেত্র হতে মোট ১৩.৪৬ কোটি লিটার কনডেনসেট পরিবহন করা হয়, যা পূর্ববর্তী বছর হতে ২৬.২৩% কম।



কোম্পানির ৩১তম বার্ষিক সাধারণ সভা

১.২। জিটিসিএল-এর স্কাডা সিস্টেমের সাহায্যে প্রতিনিয়ত জিটিসিএল-এর নিয়ন্ত্রণাধীন পাইপলাইনের FSRU এবং বিভিন্ন গ্যাস ক্ষেত্রের মিটারিংয়ের মাধ্যমে পরিমাপকৃত ও সঞ্চালিত গ্যাসের তথ্য-উপাত্ত নিরবচ্ছিন্নভাবে সংগ্রহ ও পর্যবেক্ষণ করা হচ্ছে। এছাড়া, উক্ত সিস্টেমের সাহায্যে বিতরণ কোম্পানিসমূহে প্রয়োজন অনুযায়ী গ্যাস সরবরাহের লক্ষ্যে লোড ম্যানেজমেন্ট কাজে সহযোগিতা প্রদান করা হচ্ছে।

## ২.০। লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি) হতে প্রাপ্ত আরএলএনজি সঞ্চালন কার্যক্রম

কক্সবাজারের মহেশখালীর গভীর সমুদ্রে মার্কিন কোম্পানি এক্সিলারেট এনার্জি বাংলাদেশ লিমিটেড এবং বেসরকারি প্রতিষ্ঠান সামিট করপোরেশন লিমিটেড কর্তৃক স্থাপিত দুটি FSRU-এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে ৭৯৮.০৬ কোটি ঘনমিটার গ্যাস (আরএলএনজি) অর্থাৎ দৈনিক গড়ে ৭৭২.১৪ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্যাস গ্রিডের মাধ্যমে সঞ্চালন করা হয়েছে।

## ৩.০। তথ্যপ্রযুক্তি সম্পর্কিত কার্যক্রম

৩.১। জিটিসিএল-কে পেপারবিহীন অফিসে পরিণত করার লক্ষ্যে ২০১৭ সাল হতে Enterprise Resource Planning/Enterprise Asset Management (ERP/EAM) System ব্যবহৃত হচ্ছে। উক্ত ERP/EAM System (SAP)-এর ৬টি মডিউলের মাধ্যমে যাবতীয় বিল পরিশোধ, আর্থিক এবং প্রশাসনিক অনুমোদন গ্রহণ, বাজেট ছাড়করণ, সকল কর্মকর্তা-কর্মচারীগণের ব্যক্তিগত তথ্যাদি সংরক্ষণ ও ব্যবস্থাপনা, সকল ধরনের ছুটির আবেদন দাখিল এবং অনুমোদন, বেতন-ভাতাদি প্রদান, মালামাল/ইনভেন্টরি ব্যবস্থাপনা ইত্যাদি কার্যাবলি অতি সহজে সম্পাদন করা হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ইআরপি সিস্টেমের ডাটাসমূহ Oracle Cloud Infrastructure (OCI), Singapore-এর Data Center হতে Bangladesh Data Center Company Ltd. (BDCCL)-এর গাজীপুরস্থ 4-tier Data Center এর G-Cloud এ সফলভাবে মাইগ্রেশন সম্পন্ন করা হয়েছে। বর্তমানে ইআরপি সিস্টেমের যাবতীয় কার্যক্রম বিডিসিসিএল-এর উক্ত 4-tier Data Center (DC) : G-Cloud হতে সম্পাদিত হচ্ছে।

৩.২। জিটিসিএল-এর ওয়েবসাইট ও মেইল সার্ভারের সুরক্ষার জন্য নিয়মিত সিকিউরিটি সিস্টেম আপগ্রেড করা হচ্ছে। জাতীয় তথ্য বাতায়নের অন্তর্ভুক্ত জিটিসিএল-এর অফিসিয়াল ওয়েবসাইট (<https://gtcl.gov.bd>) নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় সকল তথ্য যথাসময়ে ও তাৎক্ষণিকভাবে হালনাগাদ করা হচ্ছে। দাপ্তরিক কাজে তথ্য আদান প্রদানে ব্যবহৃত সরকারি জিম্বা ই-মেইল সিস্টেম নেটওয়ার্ক, সিস্টেম এডমিনিস্ট্রেশন এন্ড ডাটা ম্যানেজমেন্ট আইসিটি ডিভিশনের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে।

## ৩.৩। জিআইএস ম্যাপ প্রস্তুতকরণ

জাইকা কর্তৃক “The Project for Gas Network System Digitalization and Improvement of Operational Efficiency in Gas Sector in Bangladesh” প্রকল্পের আওতায় জিটিসিএল-এর সকল পাইপলাইনের GIS Database এবং GIS Version প্রস্তুতকরণের কাজটি সম্পাদিত হয়েছে। এরই ধারাবাহিকতায় নিজস্ব জনবল দ্বারা কোম্পানি কর্তৃক বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইনের (৩০" ব্যাস x ১৫০ কি.মি.) জিআইএস ম্যাপিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং বর্তমানে বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইনের (৪২" ব্যাস x ৫০ কি.মি.) জিআইএস ম্যাপিং কার্যক্রম চলমান রয়েছে।

## ৪.০। মিটারিং সংক্রান্ত কার্যক্রম

বিভিন্ন গ্যাস ক্ষেত্র হতে উৎপাদিত গ্যাস এবং মহেশখালী FSRU হতে প্রাপ্ত RLNG ২১টি ইনটেক পয়েন্টের মাধ্যমে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কাস্টডি মিটারিং করে জিটিসিএল-এর পাইপলাইনে সরবরাহ করে। জিটিসিএল পরিচালিত উচ্চচাপ সম্পন্ন পাইপলাইন দ্বারা ৬৩টি অফটেক পয়েন্টের মাধ্যমে ৬টি বিতরণ কোম্পানিতে গ্যাস সরবরাহ করা হয়। উক্ত অফটেক পয়েন্টের মধ্যে জিটিসিএল নিয়ন্ত্রণাধীন ২৫টি এবং অবশিষ্ট ৩৮টি অফটেক পয়েন্ট বিতরণ কোম্পানির নিয়ন্ত্রণে রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে উৎপাদিত ও আমদানিকৃত মোট গ্যাসের প্রায় ৭৮.২০% গ্যাস জিটিসিএল-এর পাইপলাইনের মাধ্যমে সঞ্চালন করা হয়েছে। অবশিষ্ট গ্যাস বিতরণ কোম্পানিসমূহের নিজস্ব গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে গ্যাসফিল্ড হতে তাদের নিজস্ব সিস্টেমে সরাসরি গ্রহণ করছে। ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির ইনটেক ও অফটেক এর গড় কারিগরি লস ১.৫৭%, যা পূর্ববর্তী বছরে ছিল ২.০৩% অর্থাৎ কারিগরি লস পূর্ববর্তী বছরের তুলনায় ২২.৬৬% হ্রাস পেয়েছে। মিটারিং ব্যবস্থায় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ইনটেক ও অফটেক পয়েন্টে অবস্থিত মিটারসমূহ মাসিক ভিত্তিতে নিয়মিত যৌথ ক্যালিব্রেশন করা হচ্ছে। এছাড়া গ্যাস মিটারিংসমূহে AGA অনুযায়ী Turn Down Ratio সঠিক রাখার জন্য বিভিন্ন মডিফিকেশন করা হচ্ছে।





বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক ৪২" ব্যাসের বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প এলাকা পরিদর্শন

## ৫.০। ২০২৪-২০২৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহ

### ৫.১। বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)

**প্রকল্পের উদ্দেশ্য :** দেশের উত্তর জনপদে প্রাকৃতিক গ্যাস সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করা এবং গ্যাস ভিত্তিক বিদ্যুৎকেন্দ্র ও শিল্প প্রতিষ্ঠান নির্মাণের সুযোগ সৃষ্টিসহ বাণিজ্যিক ও অন্যান্য গ্রাহকের গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে ১০০০ পিএসআইজি ক্ষমতা সম্পন্ন ৩০ ইঞ্চি ব্যাসের ১৫০ কি.মি. দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপলাইন ও আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ করা।

**বাস্তবায়নকাল :** অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত।

**অর্থের উৎস :** জিওবি এবং জিটিসিএল।

**প্রকল্প ব্যয় :** মোট ১,৩৭২.৪১ কোটি টাকা (জিওবি: ১,৩৫৬.২২ কোটি টাকা এবং জিটিসিএল: ১৬.১৯ কোটি টাকা)

#### অর্জিত অগ্রগতি

প্রকল্পের আওতায় ১৫০ কি.মি. দীর্ঘ পাইপলাইন, ৮ টি নদী ক্রসিং ও সৈয়দপুরে ১০০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ১টি সিটি গেইট স্টেশন (সিজিএস), রংপুরে ৫০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ১টি টাউন বর্ডার স্টেশন (টিবিএস) এবং পীরগঞ্জে ২০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ১টি টাউন বর্ডার স্টেশন (টিবিএস) স্থাপনসহ পাইপলাইন কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে এবং পিজিসিএল-এর ডিআরএসসমূহে গ্যাস সরবরাহ করা হয়েছে। শুরু হতে প্রকল্পের বাস্তব অগ্রগতি শতকরা ১০০ ভাগ এবং আর্থিক অগ্রগতি শতকরা ৯৮.৫৩ ভাগ।

## ৫.২। যমুনা রেল সেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)

**প্রকল্পের উদ্দেশ্য :** দেশের উত্তর ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে স্থাপিত ও স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্র, শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্যিক গ্রাহক ও অন্যান্য গ্রাহকদের চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহের লক্ষ্যে টাঙ্গাইল জেলার ইব্রাহিমাবাদে স্থাপিত পূর্বপাড়া ভালু স্টেশন হতে যমুনা নদীর উপর নবনির্মিত রেল সেতু হয়ে সিরাজগঞ্জ জেলার সয়েদাবাদে স্থাপিত পশ্চিমপাড়া ভালু স্টেশন পর্যন্ত ৩৬" ব্যাসের ১০ কি.মি. দীর্ঘ ১০০০ পিএসআইজি চাপ সম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের মাধ্যমে দেশের উত্তর ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পর্যাপ্ত গ্যাস সরবরাহের সুযোগ সৃষ্টি করা।



বার্জ মাউন্টেড ক্রেন ব্যবহার করে যমুনা রেলওয়ে সেতুতে ৩৬" ব্যাসের গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ কার্যক্রম

**বাস্তবায়নকাল :** জুলাই ২০২১ হতে জুন ২০২৫ পর্যন্ত।

**অর্থের উৎস :** জিটিসিএল-এর নিজস্ব অর্থায়ন।

**প্রকল্প ব্যয় :** ৪৪৫.৮৫ কোটি টাকা।

**অর্জিত অগ্রগতি**

প্রকল্পের আওতায় ইপিসি ভিত্তিতে সিপি সিস্টেম ও অন্যান্য ফ্যাসিলিটিসসহ ৩৬" ব্যাসের ১০ কি. মি. পাইপলাইন নির্মাণ কাজ ২৮ এপ্রিল ২০২৫ তারিখে সফলভাবে সম্পন্ন হয়েছে এবং উক্ত পাইপলাইনের মাধ্যমে গ্যাস সঞ্চালন করা হচ্ছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি শতকরা ১০০ ভাগ এবং আর্থিক অগ্রগতি শতকরা ৯৯.৩২ ভাগ।

## ৬.০। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি

### ৬.১। বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)

**প্রকল্পের উদ্দেশ্য :** দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানোর লক্ষ্যে মেঘনাঘাট পাওয়ার হাব এলাকায় এবং হরিপুর, সিদ্ধিরগঞ্জ ও আড়াইহাজার এলাকায় স্থাপিত ও স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্র, অর্থনৈতিক অঞ্চল, শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্যিক গ্রাহক ও অন্যান্য গ্রাহকদের গ্যাস সরবরাহের নিমিত্ত ৪২" ব্যাসের ৫০ কি. মি. পাইপলাইন নির্মাণ করা।

**বাস্তবায়নকাল :** জুলাই ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত।

**অর্থের উৎস :** জিওবি এবং নিজস্ব অর্থায়ন।

**প্রকল্প ব্যয় :** মোট ১৫৭০.৭৭ কোটি টাকা (জিওবি ৭৩৮.২৬ কোটি টাকা এবং নিজস্ব অর্থায়ন ৮৩২.৫১ কোটি টাকা)।



## অর্জিত অগ্রগতি

প্রকল্পের আওতায় পণ্য ও মালামাল ক্রয়ের মোট ৬ টি প্যাকেজের ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রকল্পের ৪২ ইঞ্চি ব্যাসের ৫০ কি.মি. পাইপলাইন নির্মাণ এবং পাইপলাইন ক্লিনিং ও হাইড্রোস্ট্যাটিং টেস্টিং কাজ সম্পন্ন হয়েছে। ইপিসি ভিত্তিতে এইচডিডি পদ্ধতিতে ৩টি লটে বিভক্ত চুক্তিভুক্ত ০৯ টি নদীর (মোট ৭.৭ কি.মি.) ক্রসিং কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ৮টি নদীর টাই-ইন, পিগিং ও হাইড্রোস্ট্যাটিক টেস্টিং কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট মেঘনা নদীর ক্রসিং কাজের টাই-ইন কার্যসম্পাদন চলমান রয়েছে। ৩টি মিটারিং (মেঘনাঘাট, গজারিয়া ও হরিপুর) স্টেশন স্থাপন কাজের অন্তর্ভুক্ত কন্ট্রোল বিল্ডিং, সাব-স্টেশন বিল্ডিং, পাম্প হাউস ও প্রসেস এরিয়ার ফাউন্ডেশনের পূর্ত নির্মাণ কাজ চলমান রয়েছে। শুরু হতে প্রকল্পের ভৌত অগ্রগতি শতকরা ৮৬ ভাগ এবং আর্থিক অগ্রগতি শতকরা ৮০.৬৩ ভাগ।



জিটিসিএল প্রধান কার্যালয়ে স্থাপিত গ্যাস ক্রোমাটোগ্রাফ ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি উদ্বোধন করেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় সচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম

## ৬.২। জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প (১ম সংশোধিত)

**প্রকল্পের উদ্দেশ্য :** প্রাকৃতিক গ্যাসের সুষ্ঠু ব্যবহার, গ্যাস পরিবহন ও বিপণন ব্যবস্থায় স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকল্পে জিটিসিএল-এর গ্রিড হতে বিভিন্ন ডিস্ট্রিবিউশন কোম্পানিকে পরিমাপকৃত ও মানসম্পন্ন গ্যাস সরবরাহ করার লক্ষ্যে ১০টি সিজিএস/আরএমএস স্থাপন, ৩টি মিটারিং স্টেশন নির্মাণ ও ৪টি মিটারিং স্টেশন মডিফিকেশন এবং ৬টি হট ট্যাপিং কাজ সম্পাদন করা।

**বাস্তবায়নকাল :** জুলাই ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত।

**অর্থের উৎস :** জিটিসিএল-এর নিজস্ব অর্থায়ন।

**প্রকল্প ব্যয় :** ৯৩৮.৫৩ কোটি টাকা।

### অর্জিত অগ্রগতি

প্রকল্পের আওতায় ১৭টি মিটারিং স্টেশন স্থাপন/মডিফিকেশন কাজের মধ্যে ইতোমধ্যে ১২টির কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৫টি মিটারিং স্টেশন স্থাপনের কাজ চলমান রয়েছে এবং চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ ফেব্রুয়ারি-২০২৬। শুরু হতে প্রকল্পের বাস্তব অগ্রগতি শতকরা ৯০ ভাগ এবং আর্থিক অগ্রগতি শতকরা ৮০.১২ ভাগ।

### ৬.৩। ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (ডিপোজিটরি ওয়ার্ক ভিত্তিতে জিটিসিএল কর্তৃক বাস্তবায়নধীন)

প্রকল্পের উদ্দেশ্য	: দেশের বিদ্যমান বিদ্যুৎ ঘাটতি মেটানোর লক্ষ্যে ময়মনসিংহ বিভাগের শম্ভুগঞ্জে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) কর্তৃক নির্মিতব্য ৪২০ মেগাওয়াট ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে ২০" ব্যাসের ৬০ কি.মি. দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপলাইন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ করা।
বাস্তবায়নকাল	: জুলাই ২০২২ হতে জুন ২০২৬ পর্যন্ত।
অর্থের উৎস	: জিওবি এবং আরপিসিএল-এর নিজস্ব অর্থায়ন।
প্রকল্পের ব্যয়	: মোট ৫৫৩.১৭ কোটি টাকা (জিওবি ৪১৮.৫৯ কোটি টাকা এবং আরপিসিএল-এর নিজস্ব অর্থায়ন ১৩৪.৫৮ কোটি টাকা)।

#### অর্জিত অগ্রগতি

প্রকল্পের আওতায় পণ্য ও মালামাল ক্রয়ের ৬টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের মালামাল আমদানি কাজ সম্পন্ন হয়েছে এবং অপর ১টি প্যাকেজের ক্যাথোডিক প্রটেকশন (সিপি) মালামাল উৎপাদনপূর্বক জাহাজীকরণ প্রক্রিয়াধীন রয়েছে। অপরদিকে, ইপিসি ভিত্তিতে Horizontal Directional Drilling (HDD) পদ্ধতির মাধ্যমে ০৩টি নদী (খিরো, বানার ও সুতিয়া) ক্রসিং কাজ সম্পাদনের জন্য ঠিকাদার কর্তৃক মালামাল আমদানি সম্পন্ন হয়েছে ও যন্ত্রপাতি আমদানির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে। ইপিসি ভিত্তিতে ধনুয়াতে ১টি অরিফিস মিটার রান স্থাপনের নিমিত্ত পুনঃদরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ২০ ইঞ্চি ব্যাসের ৬০ কি.মি. পাইপলাইন নির্মাণের জন্য ঠিকাদার নিয়োজিতকরণের লক্ষ্যে পুনঃদরপত্র আহ্বান করা হয়েছে। প্রকল্পের আওতায় গাজীপুর ও ময়মনসিংহ জেলায় ভূমি অধিগ্রহণ ও হুকুমদখলসহ অন্যান্য কার্যাবলী আরপিসিএল কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। ভূমি অধিগ্রহণের নিমিত্ত ইতোমধ্যে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় ও ময়মনসিংহ জেলার ভালুকা ও ত্রিশাল উপজেলায় অধিগ্রহণতব্য ভূমির ৭-ধারা নোটিশ জারি করা হয়েছে। ময়মনসিংহ সদর উপজেলার জেলা প্রশাসক কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত প্রস্তাবনা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অনুমোদন পরবর্তীতে ৭-ধারা নোটিশ জারী করা হবে। শুরু হতে প্রকল্পের ভৌত অগ্রগতি শতকরা ৬০.৯০ ভাগ এবং আর্থিক অগ্রগতি শতকরা ৪৮.৪০ ভাগ।



৪২" ব্যাসের বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্পের পাইপলাইন নির্মাণ কার্যক্রম



**৬.৪। মহেশখালী অর্থনৈতিক অঞ্চল-৩ (ধলঘাটা) এর গ্যাস, বিদ্যুৎ ও যোগাযোগ অবকাঠামো নির্মাণ প্রকল্প (ডিপোজিটরি ওয়ার্ক ভিত্তিতে জিটিসিএল কর্তৃক গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ)**

**উদ্দেশ্য :** প্রকল্পের আওতায় ২০ ইঞ্চি ব্যাসের ১২ কি.মি ১০০০ পিএসআইজি গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ ও ২৫০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন টিবিএস স্থাপন করা।



জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প-এর আওতায় ০৫টি মিটারিং স্টেশন স্থাপন/মডিফিকেশন কাজের জন্য GTCL এবং Best Energy Equipment (Tianjin) Co. Ltd., China এর মধ্যে চুক্তি স্বাক্ষর

**বাস্তবায়নকাল :** জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

**অর্থের উৎস :** বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)।

**নির্মাণ ব্যয় :** মোট ২০৭.৯৩ কোটি টাকা।

**অর্জিত অগ্রগতিঃ**

প্রকল্পের রপ্ট জরিপ কাজ সম্পন্ন করা হয়েছে এবং পাইপলাইন ও স্থাপনার ড্রয়িং, ডিজাইন কাজ চলমান রয়েছে। ভূমি অধিগ্রহণের প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসন দপ্তরে প্রেরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ ২১-০৪-২০২৫ খ্রি. তারিখে বেজা বরাবর দাখিল করা হয়েছে। টিবিএস নির্মাণ, নদী ক্রসিং এবং পাইপলাইন নির্মাণ কাজের জন্য কারিগরি বিনির্দেশসহ খসড়া দরপত্র দলিল জিটিসিএল কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে ০৫-০৬-২০২৫ খ্রি. তারিখে সম্পন্ন করা হয়েছে। বেজা হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। শুরু হতে প্রকল্পের ভৌত অগ্রগতি ৫% এবং আর্থিক অগ্রগতি ০%।

## ৭.০। ভবিষ্যৎ উন্নয়নমূলক পরিকল্পনা

এসডিজির লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় রেখে ২০৫০ সালে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে অন্যান্য অঞ্চলের পাশাপাশি দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাসের প্রাপ্যতা/এলএনজি আমদানি সাপেক্ষে নিম্নোক্ত প্রকল্পসমূহ ভবিষ্যৎ প্রকল্প হিসাবে চিহ্নিত করা হয়েছে যার হালনাগাদ তথ্যাদি নিম্নরূপ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	পাইপলাইনের ব্যাস X দৈর্ঘ্য (ইঞ্চি X কি. মি.)	অর্থায়নের উৎস	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)	মেয়াদকাল	প্রকল্পের অগ্রগতি
১।	ভোলা-বরিশাল-জাঁজিরা- মাওয়া-আমিনবাজার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	ভোলা-বরিশাল ২৪" X ৯৬ কি.মি. বরিশাল-জাঁজিরা- আমিনবাজার ৩০" X ১২৪ কি.মি.	নির্ধারিত হয়নি	-	জুলাই ২০২৬ হতে জুন ২০৩০	ভোলা-বরিশাল অংশের ফিজিবিলিটি স্টাডি ও রুট জরিপ কাজ সম্পন্ন হয়েছে। অপরদিকে, বরিশাল- আমিনবাজার অংশের পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ফিজিবিলিটি স্টাডি কাজের Inception Report দাখিল করা হয়েছে। এছাড়া, প্রকল্পের অনুকূলে বৈদেশিক ঋণ অনুসন্ধানের লক্ষ্যে প্রণীত পিডিপিপি ইআরডি-তে প্রেরণ করা হয়েছে।
২।	বরিশাল-খুলনা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	-	নির্ধারিত হয়নি	-	জুলাই ২০২৭ হতে জুন ২০৩১	প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি কাজ সম্পন্নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
৩।	মহেশখালী/ মাতারবাড়ি-বাখরাবাদ ৩য় সমান্তরাল গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৪৬" X ৩৩৫ কি.মি.	নির্ধারিত হয়নি	২৪৩২০.১১	জুলাই ২০২৬ হতে জুন ২০৩১	জিটিসিএল নিয়োজিত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান Kellogg Brown & Root Asia Pacific Pte. Ltd. (KBR) ফিজিবিলিটি স্টাডির সকল কার্যক্রম সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। প্রকল্পের অনুকূলে বৈদেশিক ঋণ অনুসন্ধানের লক্ষ্যে প্রণীত পিডিপিপি ইআরডি-তে প্রেরণ করা হয়েছে।



চট্টগ্রামস্থ পতেঙ্গায় ৪২ ইঞ্চি ব্যাসের আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন পথস্বত্বের রক্ষণাবেক্ষণ কাজ

## ৮.০। কোম্পানি কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের বিবরণ

১৪ ডিসেম্বর ১৯৯৩ তারিখে জিটিসিএল প্রতিষ্ঠার পর হতে জুন ২০২৫ পর্যন্ত সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান যথা: এডিবি, এআইআইবি, বিশ্বব্যাংক, জাইকা, জিওবি, ডিএফআইডি-এর গ্র্যান্ট এবং জিটিসিএল-এর নিজস্ব ও পেট্রোবাংলার অধীন অন্যান্য কোম্পানিসমূহের অর্থায়নে জিটিসিএল কর্তৃক ইতোমধ্যে ৩২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে যা নিম্নরূপ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	পাইপলাইনের ব্যাস X দৈর্ঘ্য (ইঞ্চি X কি. মি.)	প্রকল্প শুরু তারিখ	প্রকল্প সমাপ্তির তারিখ
১।	আশুগঞ্জ-বাখরাবাদ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৫৮.৫০	এপ্রিল ১৯৯৪	ডিসেম্বর ১৯৯৭
২।	জিটিসিএল-টুইনিং প্রকল্প	-	জুন ১৯৯৬	মে ১৯৯৯
৩।	পশ্চিমাঞ্চল গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প: (ক) যমুনা সেতু অংশ (খ) এলেক্সা-নলকা অংশ (গ) নলকা-বাঘাবাড়ী অংশ	(ক) ৩০" X ৯.০০ (খ) ২৪" X ২৮.৫০ (গ) ২০" X ৩৫.৫০	জুলাই ১৯৯৭	জুন ২০০০
৪।	বিয়ানীবাজার-কৈলাশিলা গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২০" X ১৮.০০	জুন ১৯৯৭	সেপ্টেম্বর ২০০১
৫।	রশিদপুর-হবিগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ২৮.০০	জুলাই ২০০২	মে ২০০৫
৬।	স্ক্যাডা টেলিকমিউনিকেশন সিস্টেম প্রকল্প	-	জুলাই ১৯৯৫	নভেম্বর ২০০৩
৭।	হবিগঞ্জ-আশুগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৫৪.০০	জুলাই ১৯৯৭	মে ২০০২
৮।	নলকা-বগুড়া গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প: (ক) নলকা-হাটিকুমরুল অংশ (খ) হাটিকুমরুল-বগুড়া অংশ	(ক) ৩০" X ৬.০০ (খ) ২০" X ৫৪.০০	জুলাই ২০০৩	জুন ২০০৬
৯।	আশুগঞ্জ-মনোহরদী গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৩৭.০০	জুলাই ২০০৩	জুন ২০০৬
১০।	ঢাকা ক্লীন ফুয়েল প্রকল্প (জিটিসিএল অংশ)	২০" X ৬০.০০	জুলাই ২০০২	জুন ২০০৮
১১।	তিতাস গ্যাস ক্ষেত্র (লোকেশন-জি) হতে এবি পাইপলাইন পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২৪" X ৮.০০	জানুয়ারি ২০০৯	জুলাই ২০১২
১২।	শ্রীকাইল-এ বি গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২০" X ১.৫০	অক্টোবর ২০১২	মার্চ ২০১৩
১৩।	মনোহরদী-ধনুয়া এবং এলেক্সা-যমুনা সেতুর পূর্ব পাড় পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৫১.০০	জুলাই ২০০৬	জুন ২০১৪
১৪।	বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	১২" X ৫৩.০০	জুলাই ২০০৬	ডিসেম্বর ২০১৪
১৫।	বিবিয়ানা-ধনুয়া গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩৬" X ১৩৭.০০	এপ্রিল ২০১১	জুন ২০১৫
১৬।	তিতাস গ্যাসফিল্ড (লোকেশন সি-বি-এ) হতে তিতাস-এবি পাইপলাইন পর্যন্ত আন্তঃসংযোগ পাইপলাইন প্রকল্প	১০" X ৭.৭০	জুলাই ২০১৩	জুন ২০১৫
১৭।	ভেড়ামারা-খুলনা গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২০" X ১৬৩.০৩	জুলাই ২০০৭	ডিসেম্বর ২০১৫
১৮।	হাটিকুমরুল-ঈশ্বরদী-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৮৪.০০	জুলাই ২০০৬	ডিসেম্বর ২০১৬
১৯।	গ্যাস ট্রান্সমিশন ক্যাপাসিটি এক্সপানশন-আশুগঞ্জ টু বাখরাবাদ প্রকল্প	৩০" X ৬১.০০	জানুয়ারি ২০১০	ডিসেম্বর ২০১৭
২০।	শের-ই-বাংলা নগরস্থ প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকায় দুইটি বেইজমেন্টসহ ১৩ তলা বিশিষ্ট গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প	-	জুলাই ২০১২	ডিসেম্বর ২০১৭



ক্রমিক নং	প্রকল্পের নাম	পাইপলাইনের বাস X দৈর্ঘ্য (ইঞ্চি X কি. মি.)	প্রকল্প শুরুর তারিখ	প্রকল্প সমাপ্তির তারিখ
২১।	তিতাস গ্যাস ফিল্ডের কূপ নং ২৩, ২৪ (সরাইল) হতে খাঁটিহাতা এবং কূপ নং ২৫, ২৬ (মালিহাতা) হতে খাঁটিহাতা পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২০" X ৩.৩০	জানুয়ারি ২০১৬	ডিসেম্বর ২০১৭
২২।	আশুগঞ্জ ও এলেন্সায় কম্প্রেশর স্টেশন স্থাপন প্রকল্প	-	জানুয়ারি ২০০৬	জুন ২০১৮
২৩।	মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৩০" X ৯১.০০	জুলাই ২০১৪	জুন ২০১৮
২৪।	রিহাবিলিটেশন এ্যান্ড এক্সপানশন অব এক্সিস্টিং সুপারভাইজরী কন্ট্রোল এ্যান্ড ডাটা একুইজিশন (স্কাডা) সিস্টেম অব ন্যাশনাল গ্যাস গ্রীড আন্ডার জিটিসিএল (কম্পোনেন্ট বি অব ভেডামারা কন্সট্রাক্ট সাইকেল পাওয়ার প্ল্যান্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট)	-	জানুয়ারি ২০১৩	ডিসেম্বর ২০১৮
২৫।	বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩০" X ৬০.০০	জুলাই ২০০৭	ডিসেম্বর ২০১৮
২৬।	আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৪২" X ৩০.০০	এপ্রিল ২০১৬	মার্চ ২০২০
২৭।	মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর)-(ধলঘাট পাড়া) সিটিএমএস গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৪২" X ৭.০০	অক্টোবর ২০১৮	মার্চ ২০২১
২৮।	মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন সমান্তরাল পাইপলাইন নির্মাণ প্রকল্প	৪২" X ৭৯.০০	জুলাই ২০১৬	জুন ২০২১
২৯।	চট্টগ্রাম-ফেনী-বাখরাবাদ গ্যাস সঞ্চালন সমান্তরাল পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩৬" X ১৮১.০০	জুলাই ২০১৬	ডিসেম্বর ২০২১
৩০।	ধনুয়া-এলেন্সা এবং যমুনা সেতুর পশ্চিম পাড়-নলকা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩০" X ৬৭.২০	জুলাই ২০১৮	জুন ২০২২
৩১।	বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩০" X ১৫০	অক্টোবর ২০১৮	জুন ২০২৫
৩২।	যমুনা রেল সেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩৬" X ১০	জুলাই ২০২১	জুন ২০২৫
মোট নির্মিত পাইপলাইনের দৈর্ঘ্য=		১৬৩৩.২৩ কি.মি.		

- \* পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানি হতে জিটিসিএল-এর নিকট হস্তান্তরিত ০৫টি পাইপলাইনের দৈর্ঘ্য ৫৪৪.৩৭ কি.মি. এবং কোম্পানি কর্তৃক নির্মিত ১৬৩৩.২৩ কি.মি. পাইপলাইনসহ কোম্পানির পরিচালনাধীন উচ্চচাপ সম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইনের মোট দৈর্ঘ্য ২১৭৭.৬০ কি.মি.।
- \* কোম্পানির নিয়ন্ত্রণাধীন ২ টি কনডেনসেট পাইপলাইনের দৈর্ঘ্য ১৯৩ কি. মি.।



মনোহরদী গ্যাস মিটারিং এন্ড মেনিফোল্ড স্টেশনে গ্যাস লিকেজ সনাক্তকরণ পরীক্ষা



## ৯.০। জিটিসিএল-এর স্থাপনা/অবকাঠামোসমূহের বিবরণ

ক্রমিক নং	সম্পদের বিবরণ	২০২৩-২৪	২০২৪-২৫
(ক)	গ্যাস সঞ্চালন পাইপলাইন	২১৬৬.৬০ কি.মি.	২১৭৭.৬০ কি.মি.
(খ)	কনডেনসেট পাইপলাইন	১৯৩ কি.মি.	১৯৩ কি.মি.
(গ)	রিজিওনাল ট্রান্সমিশন অফিস (আরটিও)	৩টি	৩টি
(ঘ)	সিজিএস	৯টি	১০টি
(ঙ)	টিবিএস	১৭টি	১৯টি
(চ)	আরএমএস	৪টি	৭টি
(ছ)	সিটিএমএস	১টি	১টি
(জ)	মেনিফোল্ড স্টেশন	৩টি	৩টি
(ঝ)	মিটারিং স্টেশন	১০টি	১৩টি
(ঞ)	জিএমএস (গ্যাস মেনিফোল্ড স্টেশন)	৫টি	৫টি
(ট)	কম্প্রেশর স্টেশন	২টি	২টি
(ঠ)	রেগুলেটিং স্টেশন	১টি	১টি
(ড)	সিপি স্টেশন	৮৪টি	৯৪টি
(ঢ)	ভাল্ব স্টেশন, পিগ ট্র্যাপ ও অফটেক স্টেশন	১১৩টি	১২০টি
(ণ)	স্টোর ওয়্যার হাউজ ও স্টোর ইয়ার্ড	২৬টি	২৬টি
(ত)	ক্রয়কৃত ভূমি	৪৬.৩৪ একর	৪৬.৩৪ একর
(থ)	অধিগ্রহণকৃত ভূমি	৩৮৪০.৬৮ একর	৪২৪০.৬৮ একর
(দ)	মোট সম্পদের পরিমাণ	১৭,৩৮৭.৪১ কোটি টাকা	১৭,৪৮১.৮৪ কোটি টাকা

## ১০.০। বিভিন্ন পাইপলাইন ও ভূ-উপরিস্থ স্থাপনার পরিচালন, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম

### ১০.১। সঞ্চালন পাইপলাইন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ

দেশব্যাপী বিস্তৃত সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে সঞ্চালিত গ্যাস জিটিসিএল-এর সিংহভাগ রাজস্ব আয়ের উৎস। দেশীয় গ্যাসক্ষেত্রসমূহ থেকে উৎপাদিত প্রাকৃতিক গ্যাস, আমদানিকৃত তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (আরএলএনজি) ও গ্যাস-উপজাত কনডেনসেট জিটিসিএল দেশব্যাপী বিস্তৃত ২৩৭০.৬০ কি.মি. দীর্ঘ (২১৭৭.৬০ কি.মি. গ্যাস ও ১৯৩ কি.মি. কনডেনসেট) পাইপলাইন সম্বলিত জাতীয় গ্রিড নেটওয়ার্ক ব্যবহার করে বিতরণ কোম্পানিসমূহের মাধ্যমে দেশের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্র, সারকারখানা, ছোট-বড় শিল্প-কারখানা, সিএনজি ও গৃহস্থালীতে গ্যাস সঞ্চালন করা হচ্ছে। পাশাপাশি ভূ-উপরিস্থ বিভিন্ন মিটারিং স্টেশন, রেগুলেটিং স্টেশন, সিজিএস, টিবিএস, ভাল্ব স্টেশন, পিগ ট্র্যাপ স্টেশন, পাইপলাইন পথস্বত্ব ইত্যাদি পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে গ্যাস গ্রিড সচল রেখে দেশব্যাপী গ্যাস সঞ্চালন নিরবচ্ছিন্ন রাখা হচ্ছে। ট্রান্সমিশন ডিভিশনের মাধ্যমে নিয়মিত উৎপাদন ও বিতরণ কোম্পানির গ্যাস মিটারসমূহ যৌথ ক্যালিব্রেশন ও প্রতি ঘন্টায় প্রেসার, ফ্লো, টেম্পারেচার এর তথ্য সংরক্ষণ করা হয় এবং প্রতি মাসের ১ তারিখে যৌথ মিটার রিডিং সংগ্রহ করা হয়। পেট্রোবাংলা, জাতীয় গ্যাস কোম্পানিসমূহ, আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি) ও আরএলএনজি সরবরাহকারী দেশীয়/বৈদেশিক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে নিয়মিত সমন্বয়ের মাধ্যমে উৎপাদন ও চাহিদার নিরিখে গ্যাস ট্রান্সমিশন নেটওয়ার্ক পরিচালনা করা হয়। প্রয়োজন অনুযায়ী/নির্দিষ্ট সময় অন্তর অন্তর ভাল্ব গ্রিজিং, ভাল্ব পরিচালনা, অরিফিস মিটার, রেগুলেটর, প্রেসার গেজ, টেম্পারেচার গেজ, কনডেনসেট ট্যাংক, নক-আউট ড্রাম, ফিল্টার সেপারেটর, ইএসডিভি, এসএসডিভি প্রভৃতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদনপূর্বক নিরাপদ গ্যাস সঞ্চালন কার্যক্রম নিশ্চিত করা হয়।

### ১০.২। পাইপলাইন ও স্থাপনার উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মোডিফিকেশন কাজ

- ২৪" ব্যাসের ১২৪ কি.মি. দীর্ঘ ব্রক্ষপুত্র বেসিন (বি-বি) গ্যাস সঞ্চালন পাইপলাইন পথস্বত্বের উপর বিদ্যমান আড়িয়াল খাঁ নদী এবং পুরাতন ব্রক্ষপুত্র নদ HDD পদ্ধতিতে ক্রসিং করতঃ পাইপলাইন প্রতিস্থাপনের কাজ সম্পাদন করা হয়েছে;
- জিটিসিএল-এর ৩৫ টি ভূ-উপরিস্থ বিভিন্ন স্থাপনার এন্টিকরোশান এপক্সি পেইন্টিং ও কোটিং কাজ সম্পাদন করা হয়েছে;
- ১২" ব্যাসের বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন পথস্বত্বের হরিয়ান এলাকায় AP-98 সংলগ্ন স্থানে Induction Bend ছিদ্র হওয়ায় জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত অংশের প্রতিস্থাপন কাজ সম্পাদন করা হয়েছে।

### ১০.৩। সিপি ইন্টলেশন, সিপি মনিটরিং ও মেইনটেনেন্স সংক্রান্ত কাজ

- বাস্তবায়নাধীন বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর (৪২" ব্যাস, ৫০ কি.মি.) উচ্চচাপ বিশিষ্ট গ্যাস পাইপলাইন-এর ক্যাথোডিক প্রটেকশন (সিপি) সিস্টেম স্থাপন কাজের আওতায় ২ টি সিপি স্টেশন (TEG ভিত্তিক), ১২৭ টি টেস্ট পোস্ট, ১১০ টি ম্যাগনেসিয়াম অ্যানোড এবং ৩টি টেস্ট পয়েন্ট-এ অনলাইন মনিটরিং সিস্টেম স্থাপনসহ ACVG পদ্ধতিতে কোটিং ডিফেক্ট সার্ভে কাজ সম্পাদন করা হয়েছে।

- সম্ভবপালন পাইপলাইনে সিপি সংক্রান্ত উন্নয়নমূলক কাজের বিবরণ নিম্নরূপ:
  - টেস্ট পোস্ট স্থাপন/মডিফিকেশন - ৩৯টি
  - টেস্ট পোস্টসহ ম্যাগনেসিয়াম অ্যানোড স্থাপন - ১২টি
  - আইসোলেশন প্যাড ও টিউব স্থাপন - ৯টি
  - পোলারাইজেশন কুপন স্থাপন - ৬টি
  - সিপি স্টেশনে আর্থিং সিস্টেম স্থাপন - ৩২টি
  - কনডেনসেট ট্র্যাপ স্থাপন - ২টি
  - ২টি TR এবং ১টি TEG স্থাপন
- এছাড়া কোম্পানির ৩টি পাইপলাইনের ৬১ কি.মি. অংশে Cleaning Pigging কার্যক্রম সম্পাদন করা হয়েছে।



পাইপলাইনের সিপি সিস্টেমের নিয়মিত অপারেশন ও মনিটরিং কাজ

#### ১০.৪। বৈদ্যুতিক অবকাঠামো সংক্রান্ত কাজ

- ডেমরা সিজিএস ও মনোহরদী গ্যাস ম্যানিফোল্ড স্টেশনে Detailed Electrical layout Design & Drawing প্রস্তুতপূর্বক Area Lighting কাজ সম্পাদন করা হয়েছে।
- ট্রান্সমিশন-ইস্ট এবং ট্রান্সমিশন-ওয়েস্ট ডিভিশনের আওতাধীন ০৫ (পাঁচ) টি স্থাপনা যথা: ভেড়ামারা সিজিএস, কুষ্টিয়া সিজিএস, আইসিএস ফেনী, আনোয়ারা সিজিএস ও মহেশখালী সিটিএমএস স্থাপনায় বজ্রনিরোধক হিসেবে অত্যাধুনিক ESEAT type Lightning Protection System (LPS) স্থাপন এবং Plant Area-তে Explosion Proof Light (EPL) স্থাপন কাজ সম্পাদন করা হয়েছে।
- বগুড়া-রংপুর-সৈয়দপুর প্রকল্পের আওতাধীন রংপুর টিবিএস, সৈয়দপুর সিজিএস ও পীরগঞ্জ টিবিএস স্থাপনাসমূহের Area Lighting কাজ সম্পাদন করা হয়েছে।

#### ১০.৫। জিটিসিএল-এর বিভিন্ন স্থাপনার পূর্ত নির্মাণ ও সংস্কার কাজ

##### (ক) কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত কাজ

রিজিওনাল ট্রান্সমিশন ডিপার্টমেন্ট-ঢাকা এর আওতাধীন ২০" ব্যাসের বাখরাবাদ-ডেমরা ও ৩০" ব্যাসের বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ পাইপলাইন পথস্বত্বের পূর্ত রক্ষণাবেক্ষণ এবং ডেমরা, দেওয়ানবাগ ও ধনুয়া স্টেশনের পূর্ত সংস্কার কাজ; রিজিওনাল ট্রান্সমিশন ডিপার্টমেন্ট-চট্টগ্রাম এর আওতাধীন ৪২" ব্যাসের আনোয়ারা-ফৌজদারহাট ও ৩৬" ব্যাসের চট্টগ্রাম-ফেনী-বাখরাবাদ পাইপলাইন পথস্বত্বের পূর্ত রক্ষণাবেক্ষণ এবং টিবিএস বাড়বকুন্ড ও সিজিএস চট্টগ্রাম স্টেশনের পূর্ত সংস্কার কাজ; রিজিওনাল ট্রান্সমিশন ডিপার্টমেন্ট-কুমিল্লা এর আওতাধীন আইসিএস ফেনী ও টিবিএস লাকসাম স্টেশনের পূর্ত সংস্কার কাজ এবং রিজিওনাল ট্রান্সমিশন ডিপার্টমেন্ট-আশুগঞ্জ এর আওতাধীন আশুগঞ্জ ও মনোহরদী স্টেশনের পূর্ত সংস্কার কাজসমূহ সম্পাদিত হয়েছে।



#### (খ) উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজ

বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পের আওতায় সৈয়দপুর সিজিএস-এ গাইড ওয়ালসহ চেইন-লিংক ফেন্স নির্মাণ, বগুড়া পিগ লঞ্চার স্টেশনে ভূমি উন্নয়ন, রংপুর টিবিএস-এ গাইড ওয়ালসহ চেইন-লিংক ফেন্স নির্মাণ, পীরগঞ্জ টিবিএস, রংপুর টিবিএস ও সৈয়দপুর সিজিএস-এ আরসিসি রোড ও সারফেস ড্রেইন নির্মাণ, বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জের মেঘনাঘাট স্টেশনে ভূমি উন্নয়ন এবং মুন্সিগঞ্জের গজারিয়া স্টেশনের ভূমি উন্নয়ন ও রিটেইনিং ওয়াল নির্মাণ কাজসমূহ সম্পাদিত হয়েছে।

#### ১০.৬। হেলথ এন্ড সেফটি সংক্রান্ত কাজ

- প্রধান কার্যালয় ভবনসহ ১৭টি স্থাপনায় সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহায়তায় Fire Mock Drill সম্পাদন করা হয়েছে;
- জিটিসিএল প্রধান কার্যালয় ভবনে স্থাপিত স্মোক ডিটেক্টর, হিট ডিটেক্টর, ফায়ার অ্যালার্ম সিস্টেম এবং ফায়ার হাইড্রেন্ট সিস্টেমের বাৎসরিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়েছে;
- প্রধান কার্যালয় ভবন এবং কোম্পানির আওতাধীন বিভিন্ন স্থাপনায় বিদ্যমান অগ্নি নির্বাপক যন্ত্রসমূহের রিফিলিং, সার্ভিসিং ও পেইন্টিং ইত্যাদি রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়েছে; এবং
- Occupational Health & Safety বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

#### ১০.৭। সোলার সিস্টেম স্থাপন

বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছতাসাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে অদ্যাবধি জিটিসিএল প্রধান কার্যালয়সহ এর আওতাধীন ১২টি আঞ্চলিক কার্যালয়ে বিভিন্ন Mode এর মোট ১২৩.৫০ কিলোওয়াট Solar system (ON Grid=50.20 kwp; Off Grid=54 kwp এবং Hybrid=19.30 kwp) স্থাপন করা হয়েছে। এছাড়া, ২০২৪-২০২৫ অর্থবছরে জিটিসিএল-এর আওতাধীন ০৩টি স্থাপনায় (আনোয়ারা সিজিএস, মহেশখালী সিটিএমএস ও বাড়বকুন্ড টিবিএস) মোট ১৩.৩০ কিলোওয়াট ক্ষমতার উন্নত প্রযুক্তির Maintenance Free Battery (LiFePO4) সম্বলিত HYBRID Solar System স্থাপন করা হয়েছে যার মাধ্যমে দিনের বেলায় স্থাপনার অভ্যন্তরে বিদ্যুতের সাশ্রয়সহ বিদ্যুৎ কোম্পানিসমূহের লোডশেডিং-এর সময় স্থাপনায় স্থাপিত Dedicated Load (Flow Computer)-এ প্রায় ৫-৬ ঘন্টার Backup প্রদান করা সম্ভব হচ্ছে। ফলে ON Grid, Off Grid ও Hybrid হতে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রায় ৯.৫০ লক্ষ টাকার বিদ্যুৎ বিল সাশ্রয় হচ্ছে। উল্লেখ্য, এ পর্যন্ত সোলার হতে উৎপাদিত বিদ্যুৎ নিজস্ব স্থাপনার প্রয়োজনে ব্যবহৃত হওয়ায় নেট মিটারিং করার প্রয়োজন হয়নি। তবে, ২০২৫-২০২৬ অর্থবছরে আরো ১৩টি স্থাপনায় আনুমানিক প্রায় ২০০ কিলোওয়াট Solar system স্থাপন করা হবে যা স্থাপনার অভ্যন্তরের প্রতিদিনের চাহিদা পূরণ করে প্রয়োজনের অতিরিক্ত আনুমানিক প্রায় ১০ কিলোওয়াট বিদ্যুৎ নেট মিটারিং-এর মাধ্যমে জাতীয় গ্রিডে প্রদান করা সম্ভব হবে।



সিজিএস আনোয়ারা স্থাপনায় স্থাপনকৃত 11 KW Hybrid Solar System

## ১১.০। কর্পোরেট ট্যাক্স

আয়কর আইন অনুযায়ী নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে আয়কর রিটার্ন দাখিল করা হয়। পরবর্তীতে উক্ত রিটার্নের উপর কর নির্ধারণ আদেশের বিপরীতে আপীল/অ্যাপিলেট ট্রাইব্যুনাল এবং ক্ষেত্র বিশেষে উচ্চ আদালতে রেফারেন্স অ্যাপলিকেশন (রীট) করা হয়। ২০০৩-২০০৪ করবর্ষ হতে ২০২৪-২০২৫ করবর্ষ পর্যন্ত কর্পোরেট ট্যাক্সের বর্তমান অবস্থা নিম্নরূপ:

ক্রমিক নং	করবর্ষ	বর্তমান অবস্থা	মন্তব্য
০১	২০০৩-২০০৪ হতে ২০১৪-২০১৫	অ্যাপিলেট ট্রাইব্যুনাল আদেশের বিপরীতে উচ্চ আদালতে রেফারেন্স অ্যাপলিকেশন (রীট) দাখিল।	উচ্চ আদালত কর্তৃক শুনানী কার্যক্রম গ্রহণের অপেক্ষায়।
০২	২০১৫-২০১৬	অ্যাপিলেট ট্রাইব্যুনালে বিচারাধীন।	অ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সর্বশেষ আদেশের বিপরীতে ০৯-০৭-২০২৪ খ্রি. তারিখে কর কমিশনার অব ট্যাক্সেস (আপীল) বরাবর আপীল মামলা দায়ের করা হয়। পরবর্তীতে ২৪-১০-২০২৪ খ্রি. তারিখে আপীল আদেশ জারি করা হয় যার বিপরীতে এলটিইউ, ঢাকা কর্তৃক এখনো সংশোধিত কর নির্ধারণ আদেশ জারি করা হয়নি।
০৩	২০১৬-২০১৭	অ্যাপিলেট ট্রাইব্যুনাল আদেশের বিপরীতে উচ্চ আদালতে রেফারেন্স অ্যাপলিকেশন (রীট) দাখিল।	উচ্চ আদালত কর্তৃক শুনানী কার্যক্রম গ্রহণের অপেক্ষায়।
০৪	২০১৭-২০১৮	রিটার্ন দাখিল করা হয়েছে।	রিটার্ন দাখিল পরবর্তীতে এনবিআর কর্তৃক অডিট/এসেসমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়নি।
০৫	২০১৮-২০১৯	অ্যাপিলেট ট্রাইব্যুনালে বিচারাধীন।	অ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সর্বশেষ আদেশের আলোকে জারিকৃত আদেশের বিপরীতে গত ০৪-০৬-২০২৫ খ্রি. তারিখে কমিশনার অব ট্যাক্সেস (আপীল) বরাবর আপীল মামলা দায়ের করা হয় যা শুনানির অপেক্ষায় রয়েছে।
০৬	২০১৯-২০২০	অ্যাপিলেট ট্রাইব্যুনালে বিচারাধীন।	ঐ
০৭	২০২০-২০২১	অ্যাপিলেট ট্রাইব্যুনালে বিচারাধীন।	গত ৩০-১০-২০২৪ খ্রি. তারিখে কমিশনার অব ট্যাক্সেস (আপীল), কর্তৃক জারিকৃত আপীল আদেশের বিপরীতে ০২-০১-২০২৫ খ্রি. তারিখে অ্যাপিলেট ট্রাইব্যুনাল মামলা দায়ের করা হয়। পরবর্তীতে উপ-কর কমিশনার (ডিসিটি), এলটিইউ, ঢাকা কর্তৃক ১৫-০৫-২০২৫ খ্রি. তারিখে সংশোধিত কর নির্ধারণ আদেশ জারি করা হয় যার বিপরীতে গত ০৪-০৬-২০২৫ খ্রি. তারিখে কমিশনার অব ট্যাক্সেস (আপীল) বরাবর পুনঃআপীল মামলা দায়ের করা হয় যা শুনানির অপেক্ষায় রয়েছে।
০৮	২০২১-২০২২	অ্যাপিলেট ট্রাইব্যুনালে বিচারাধীন।	গত ১২-০৬-২০২৪ খ্রি. তারিখে উপ-কর কমিশনার (ডিসিটি), এলটিইউ, ঢাকা কর্তৃক জারিকৃত কর নির্ধারণ আদেশের বিপরীতে ১৭-১০-২০২৪ খ্রি. তারিখে কমিশনার অব ট্যাক্সেস (আপীল) বরাবর আপীল মামলা দায়ের করা হয়। পরবর্তীতে ২৪-০৩-২০২৫ খ্রি. তারিখে জারিকৃত আপীল আদেশের বিপরীতে ০১-০৬-২০২৫ খ্রি. তারিখে অ্যাপিলেট ট্রাইব্যুনাল বরাবর ট্রাইব্যুনাল মামলা দায়ের করা হয় যা শুনানির অপেক্ষায় রয়েছে।
০৯	২০২২-২০২৩	কর নির্ধারণ আদেশ পাওয়া গেছে।	গত ২৯-০৬-২০২৫ খ্রি. তারিখে উপ-কর কমিশনার (ডিসিটি), বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ), ঢাকা হতে কর নির্ধারণ আদেশ জারি করা হয়েছে যার বিপরীতে আপীল মামলা দায়ের প্রক্রিয়াধীন রয়েছে।
১০	২০২৩-২০২৪	রিটার্ন দাখিল করা হয়েছে।	রিটার্ন দাখিল পরবর্তীতে এনবিআর কর্তৃক অডিট/ এসেসমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়নি।
১১	২০২৪-২০২৫	রিটার্ন দাখিল প্রক্রিয়াধীন	আইনি জটিলতার কারণে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট ডিভিশন কর্তৃক আইনি জটিলতা নিষ্পত্তি হওয়ায় ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে এবং সে আলোকে রিটার্ন দাখিল কার্যক্রম গ্রহণ রয়েছে।

উল্লেখ্য, ২০০৩-২০০৪ করবর্ষ হতে ২০২২-২০২৩ করবর্ষ পর্যন্ত জিটিসিএল-এর নিকট আয়কর কর্তৃপক্ষের (এলটিইউ) দাবীকৃত করের পরিমাণ ৭৩৯.৬৯ কোটি টাকা। উক্ত দাবীর বিপরীতে জিটিসিএল হতে ৮৪.৪৭ কোটি টাকা পরিশোধ করা হয়েছে।



## ১২.০। কোম্পানির আর্থিক অবস্থা

### ১২.১। বিনিয়োগ

২০২৪-২০২৫ অর্থবছরের জুন ২০২৫ পর্যন্ত কোম্পানির বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ১৮,৬৯৬.৮৬ কোটি টাকা। উক্ত বিনিয়োগকৃত অর্থের মধ্যে ৮,১৫৯.০৪ কোটি টাকা ঋণ এবং ১০,৫৩৭.৮২ কোটি টাকা যথাক্রমে শেয়ার মূলধন, শেয়ারের বিপরীতে জামানত, মূলধন সঞ্চিতি, অবনতিত মুনাফা, বিলম্বিত আয়কর এবং চলতি দায় হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। অপরপক্ষে, মোট বিনিয়োগকৃত অর্থের মধ্যে স্থায়ী সম্পত্তি ১৪,৮৬৭.৭৭ কোটি টাকা ও অন্যান্য বিনিয়োগসহ চলতি সম্পদ ৩,৮২৯.০৯ কোটি টাকা।

### ১২.২। রাজস্ব আয়

২০২৪-২০২৫ অর্থবছরে মোট ২১৫৯.৫২ কোটি ঘনমিটার গ্যাস ও ১৩.৪৬ কোটি লিটার কনডেনসেট পরিবহন করে মোট ২২১৬.১৩ কোটি টাকা কোম্পানির রাজস্ব আয় হয়েছে, যা ২০২৩-২০২৪ অর্থবছরে ছিল ২২১৯.৭৮ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে গ্যাস পরিবহনের পরিমাণ ০.০১% এবং কনডেনসেট পরিবহনের পরিমাণ ২৬.২২% হ্রাস পেয়েছে। কনডেনসেট হুইলিং এর পরিমাণ কম হওয়ায় রাজস্ব আয় হ্রাস পেয়েছে। উল্লেখ্য, পেট্রোবাংলার সিদ্ধান্ত অনুযায়ী মেঘনা ও সালদা গ্যাস ক্ষেত্র হতে উৎপাদিত গ্যাস মেঘনা-বাখরাবাদ ও সালদা-বাখরাবাদ পাইপলাইন এর মাধ্যমে পরিবহনের জন্য সঞ্চালন চার্জ জিটিসিএল-কে ৭৫% এবং বিজিডিসিএল-কে ২৫% হারে শেয়ারিং করা হয়। সে কারণে উক্ত পাইপলাইন দুটির মাধ্যমে মোট সঞ্চালিত গ্যাসের বিজিডিসিএল-এর অংশ ২৫% এর সমপরিমাণ অর্থাৎ ১.৭৯ কোটি ঘনমিটার গ্যাসের সঞ্চালন চার্জ জিটিসিএল-এর রাজস্ব আয়ে অন্তর্ভুক্ত করা হয়নি। এছাড়াও অর্জিত রাজস্ব আয়ের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের ০.০২৭ কোটি টাকা বকেয়া আয় রয়েছে।

### ১২.৩। পরিচালন আয়-ব্যয় (Operating Income & Expenditure)

ক্রমিক নং	বিবরণ	অর্থবছর ২০২৪-২০২৫ (কোটি টাকায়)	অর্থবছর ২০২৩-২০২৪ (কোটি টাকায়)
১।	মোট রাজস্ব আয়	২২১৬.১৩	২২১৯.৭৭
২।	রাজস্ব ব্যয়ঃ		
	বেতন-ভাতাদি বাবদ	৯০.৪৮	৮৯.৫৭
	মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	৭০.০৯	১৫২.৬৪
	অন্যান্য প্রত্যক্ষ খরচ	৬৬.৩৯	৬৫.৮৭
	অবচয়	৫২১.১১	৫২৯.০৬
	সিস্টেম লস/কারিগরি লস	৭৬০.৬৪	৯৪১.৩৩
৩।	মোট পরিচালন ব্যয়	১৫০৮.৭১	১৭৭৮.৪৭
৪।	পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৩)	৭০৭.৪২	৪৪১.৩০

### ১২.৪। আর্থিক ব্যয় ও অপরিচালন ব্যয় (Financial & Non-Operating Expenses)

ক্রমিক নং	বিবরণ	অর্থবছর ২০২৪-২০২৫ (কোটি টাকায়)	অর্থবছর ২০২৩-২০২৪ (কোটি টাকায়)
১।	বৈদেশিক ও স্থানীয় মুদ্রায় ঋণের বিপরীতে সুদ ব্যয়	২৬৫.১৬	২৮৯.২৯
২।	Exchange Rate Fluctuation (ERF) বাবদ ক্ষতি	১৫৮.৯০	৩০২.৭৬
	মোট আর্থিক ও অপরিচালন ব্যয়	৪২৪.০৬	৫৯২.০৫

## ১২.৫। লাভ-ক্ষতি (Profit & Loss)

ক্রমিক নং	বিবরণ	অর্থবছর ২০২৪-২০২৫ (কোটি টাকায়)	অর্থবছর ২০২৩-২০২৪ (কোটি টাকায়)
১।	পরিচালন মুনাফা/(ক্ষতি)	৭০৭.৪২	৪৪১.৩০
২।	আর্থিক আয় ও অন্যান্য আয়	৫১.৮৬	৪২.৯৪
৩।	মোট আয়	৭৫৯.২৮	৪৮৪.২৪
৪।	আর্থিক ব্যয় ও অপরিচালন ব্যয় (সুদ ও ERF)	৪২৪.০৬	৫৯২.০৫
৫।	ডব্লিউপিপিএফ ফান্ড প্রভিশন	১৬.১১	০
৬।	মোট ব্যয়	৪৪০.১৭	৫৯২.০৫
৭।	করপূর্ব নীট মুনাফা/(ক্ষতি) (৩-৬)	৩১৯.১১	(১০৭.৮১)



সৈয়দপুর সিজিএস-এ আল্ট্রাসোনিক (Ultrasonic) মিটার টেস্টিং ও কমিশনিং

## ১২.৬। সরকারি কোষাগারে অর্থ জমা

২০২৪-২০২৫ অর্থবছরে জিটিসিএল কর্তৃক সর্বমোট ৯২৫.৭৩ কোটি টাকা সরকারি কোষাগারে প্রদান করা হয়, যা ২০২৩-২০২৪ অর্থবছরে ছিল ৬৮৬.০৪ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে সরকারি কোষাগারে জমাকৃত অর্থের খাতওয়ারি বিভাজন নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	অর্থবছর ২০২৪-২০২৫ (কোটি টাকায়)	অর্থবছর ২০২৩-২০২৪ (কোটি টাকায়)
১।	ঋণের আসল (সরকারি ও বৈদেশিক ঋণ)	৫২৭.৫১	৪৩৬.২৯
২।	ঋণের সুদ (সরকারি ও বৈদেশিক ঋণ)	৫৩.৫৭	-
৩।	সিডি-ভাট ও আবগারি শুল্ক	২৬৬.২২	১৭৫.৯৬
৪।	কোম্পানি আয়কর (উৎসে কর্তনকৃত কর)	৭৮.৪৩	৭৩.৭৯
মোটঃ		৯২৫.৭৩	৬৮৬.০৪

অপরদিকে, ২০২৪-২০২৫ অর্থবছরে আন্তঃকোম্পানি ঋণের আসল ও সুদ বাবদ ৩৩৯.৪৮ কোটি টাকা পরিশোধ করা হয়েছে।

## ১২.৭। জিটিসিএল-এর প্রাপ্য (Accounts Receivable)

গ্যাস ও কনডেনসেট পরিবহনের বিপরীতে ট্রান্সমিশন চার্জ খাতে পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের নিকট জিটিসিএল-এর বকেয়া পাওনার পরিমাণ ২০২৪-২০২৫ অর্থবছরে ২,২৬৬.৯৫ কোটি টাকা যা ১২.০৮ মাসের গড় বিলের সমপরিমাণ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে বকেয়া পাওনার পরিমাণ ছিল ১,৬৪১.৪৪ কোটি টাকা যা ৮.৭০ মাসের গড় বিলের সমপরিমাণ। সংস্থা ও কোম্পানি ভিত্তিক ২০২৪-২০২৫ ও ২০২৩-২০২৪ অর্থবছরে বকেয়া পাওনার তুলনামূলক বিবরণ নিম্নে প্রদান করা হলো :  
(কোটি টাকা)

ক্র. নং	কোম্পানির নাম	২০২৪-২০২৫		২০২৩-২০২৪	
		৩০ জুন ২০২৫ তারিখে পাওনার পরিমাণ	সমতুল্য মাস	৩০ জুন ২০২৪ তারিখে পাওনার পরিমাণ	সমতুল্য মাস
(ক)	গ্যাস :				
১।	তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি	৯৮১.১২	৮.৭৭	৬৪৬.২৩	৫.৫৪
২।	বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	৪২৬.৩৯	২০.৯৪	৩০১.০৮	১৩.৭০
৩।	জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিমিটেড	৭৬.০৮	৭.৭৭	৬৩.৪০	৬.০৮
৪।	পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড	১৭৬.৬৫	১০.২৫	১১৯.২১	১০.৪৬
৫।	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	২২৭.৭৩	৯.৭৯	১৪৪.৯৮	৬.৩৪
৬।	সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড	২২.১৪	৪.৮৬	১৮.২২	৫.০৯
(খ)	কনডেনসেট :				
১।	পেট্রোবাংলা	*৩৪৯.৬১	৪৪২.৭০	৩৪২.১৮	২৭৮.০৫
২।	সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড	৬.৭২	৮৫.১৪	৫.৬৪	৩৩.১৮
৩।	রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড	০.৫০	২.৯৪	০.৫০	২.৯৪
	মোট	২,২৬৬.৯৫	১২.০৮	১,৬৪১.৪৪	৮.৭০

\* পেট্রোবাংলার নিকট বকেয়া রাজস্ব ৩৪৯.৬১ কোটি টাকার মধ্যে Support for shortfall খাতে ১৯২.৮৩ কোটি টাকা অন্তর্ভুক্ত রয়েছে যা সমতুল্য মাস গণনায় অন্তর্ভুক্ত করা হয়নি।



জিটিসিএল এর পরিচালক পর্ষদের নব নিযুক্ত চেয়ারম্যান ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা, সাবেক সচিব মহোদয়ের জিটিসিএল প্রধান কার্যালয়ে আগমন উপলক্ষে ফুলেল শুভেচ্ছা



## ১২.৮। জিটিসিএল প্রদেয় হিসাব (Accounts Payable)

(কোটি টাকা)

ক্র. নং	কোম্পানির নাম	২০২৪-২০২৫	২০২৩-২০২৪
১।	পেট্রোবাংলা	১,৮৮৫.৮৮	১,২৭৬.৭৭
২।	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি: (বাপেক্স)	৩০০.৩১	৪৯.০৭
৩।	বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড	৬০.০৮	২০২.৫৮
৪।	সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড	৬০.২৬	৩৭.৮৩
	মোট	২,৩০৬.৮৫	১,৫৬৫.৮১

কোম্পানির প্রদেয় হিসাব (Accounts Payable) মূলত সিস্টেম লস এর কারণে সৃষ্ট হয়েছে।

## ১২.৯। জিটিসিএল-এর প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাবের তুলনামূলক বিবরণী

(কোটি টাকা)

জিটিসিএল-এর প্রাপ্য			জিটিসিএল প্রদেয়		
বিবরণ	২০২৪-২০২৫	২০২৩-২০২৪	বিবরণ	২০২৪-২০২৫	২০২৩-২০২৪
সর্বমোট প্রাপ্য হিসাব	২,২৬৬.৯৫	১,৬৪১.৮৮	সর্বমোট প্রদেয় হিসাব	২,৩০৬.৮৫	১,৫৬৫.৮১

## ১২.১০। ঋণ-ইকুইটিটির অনুপাত

২০২৪-২০২৫ অর্থবছরে ঋণ-ইকুইটিটির অনুপাত ৬২:৩৮ যা ২০২৩-২০২৪ অর্থবছরে ছিল ৬১:৩৯। তবে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সমাপ্তির পর কোম্পানিতে মূলধনীকরণ করা হলে ঋণের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে ইকুইটিটির পরিমাণ হ্রাস পাবে।

## ১২.১১। ডেট-সার্ভিস কভারেজ অনুপাত

কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরে ডেট-সার্ভিস কভারেজের অনুপাত ০.৪৪ যা পূর্ববর্তী বছরে ছিল ০.৪৭। কোম্পানির Amortization Schedule অনুসারে ডিএসএল পরিশোধের জন্য যে ন্যূনতম Surplus অর্থ থাকা প্রয়োজন, তা বর্তমানে বিদ্যমান ট্রান্সমিশন চার্জের মাধ্যমে অর্জন করা সম্ভব নয় এবং চলতি প্রকল্পসমূহ সমাপ্তির পর ভবিষ্যতে এ অনুপাত আরও হ্রাস পাবে। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সমাপ্তির পর Surplus অনুসারে যথাসময়ে ঋণ পরিশোধের জন্য পর্যাপ্ত নগদ উদ্বৃত্ত অর্থ (Cash Surplus) থাকা আবশ্যিক। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জুলাই ২০২৩ তারিখ হতে প্রতি ঘনমিটার ট্রান্সমিশন চার্জ বাবদ ১.০২ টাকা নির্ধারণ করা হলেও Amortization Schedule অনুসারে বিদ্যমান বকেয়া ঋণ ও সুদ (ডিএসএল) পরিশোধের জন্য তা যথেষ্ট নয়।

## ১২.১২। স্থায়ী সম্পদের উপর মুনাফার হার (Rate of Return)

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির স্থায়ী সম্পদের ওপর মুনাফার হার (RoR) হয়েছে ৫.৮৮%, যা ২০২৩-২০২৪ অর্থবছরে ৩.৫৬% ছিল। কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সমাপ্তির পর বিনিয়োগের পরিমাণ বৃদ্ধির ফলে কোম্পানির স্থায়ী সম্পদের ওপর মুনাফার হার (RoR) কাস্তিত পর্যায়ে পৌঁছানো সম্ভব হচ্ছে না। কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সমাপ্তির পর দাতা সংস্থা কর্তৃক স্থায়ী সম্পদের মুনাফার হার নির্ধারিত ১২% বা ততোধিক RoR অর্জন এবং কোম্পানিকে আর্থিকভাবে লাভজনক রাখতে হলে গ্যাস ও কনভেনসেটের পরিমাণ (ভলিয়াম) বৃদ্ধির পাশাপাশি ট্রান্সমিশন চার্জ যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করা অত্যাাবশ্যিক।

## ১২.১৩। জিটিসিএল-এর নিজস্ব তহবিল হতে বিভিন্ন প্রকল্পে বিনিয়োগকৃত অর্থের বিবরণ

২০২৪-২০২৫ অর্থবছরে জিটিসিএল এর নিজস্ব তহবিল হতে বাস্তবায়িত/চলমান প্রকল্পসমূহে মোট বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ৪৩২.৮৫ কোটি টাকা। উল্লেখ্য, ১৪ ডিসেম্বর ১৯৯৩ তারিখে জিটিসিএল প্রতিষ্ঠার পর হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২,৭৮৯.৬৯ কোটি টাকা, যার বিস্তারিত বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	৩০ জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত বিনিয়োগ	২০২৪-২০২৫ অর্থবছরে বিনিয়োগ	৩০ জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত বিনিয়োগ
০১	মনোহরদী-ধনুয়া এবং এলেক্সা-যমুনা সেতুর পূর্ব পাড় পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)	৪.০৬	-	৪.০৬
০২	বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	২.৩০	-	২.৩০



(কোটি টাকায়)

ক্রমিক নং	প্রকল্পের নাম	৩০ জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত বিনিয়োগ	২০২৩-২০২৪ অর্থবছরে বিনিয়োগ	৩০ জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত বিনিয়োগ
০৩	বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	২২.৮৮	-	২২.৮৮
০৪	গ্যাস ট্রান্সমিশন ক্যাপাসিটি এক্সপানশন-আন্তগঞ্জ টু বাখরাবাদ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	২৭৬.৪০	-	২৭৬.৪০
০৫	কম্প্রেশর স্টেশন প্রকল্প	৩৮.৫৮	-	৩৮.৫৮
০৬	হাটিকুমরুল-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩০.২৩	-	৩০.২৩
০৭	ভেড়ামারা-খুলনা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	১.৯৩	-	১.৯৩
০৮	বিবিয়ানা-ধনুয়া গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩০০.০০	-	৩০০.০০
০৯	শ্রীকাইল-এবি গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	১৩.১২	-	১৩.১২
১০	তিতাস গ্যাস ক্ষেত্র (লোকেশন-জি) হতে এবি পাইপলাইন পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৭১.৩৫	-	৭১.৩৫
১১	তিতাস গ্যাস ফিল্ড (লোকেশন সি-বি-এ) হতে তিতাস-এবি পাইপলাইন পর্যন্ত আন্তঃসংযোগ পাইপলাইন নির্মাণ প্রকল্প	৪০.৬০	-	৪০.৬০
১২	শের-ই-বাংলা নগরস্থ প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকায় দুইটি বেইজমেন্টসহ ১৩ তলা বিশিষ্ট গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প	১০৬.১৭	-	১০৬.১৭
১৩	মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩১৫.১৬	-	৩১৫.১৬
১৪	আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৩৩২.৬৩	-	৩৩২.৬৩
১৫	তিতাস-খাটিহাতা-মালিহাতা প্রকল্প	১৯.৭৬	-	১৯.৭৬
১৬	মহেশখালী-আনোয়ারা সমান্তরাল গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৯৬.৬১	-	৯৬.৬১
১৭	মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর)-(ধলঘাট পাড়া) সিটিএমএস গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	২৪.৩১	-	২৪.৩১
১৮	চট্টগ্রাম-ফেনী-বাখরাবাদ গ্যাস সঞ্চালন সমান্তরাল পাইপলাইন নির্মাণ প্রকল্প	০.০৪	-	০.০৪
১৯	ধনুয়া-এলেঙ্গা এবং যমুনা সেতুর পশ্চিম পাড়-নলকা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৬.৩২	-	৬.৩২
২০	বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	৬.৯৬	৮.৩৫	১৫.৩১
২১	বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	১৯১.২৬	৪২.৯৯	২৩৪.২৫
২২	জিটিসিএল এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প	১৮৪.১৮	২১০.৬৫	৩৯৪.৮৩
২৩	যমুনা রেলওয়ে সেতুতে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প	২৭১.৯৭	১৭০.৮৬	৪৪২.৮৩
মোট :		২,৩৫৬.৮৩	৪৩২.৮৫	২,৭৮৯.৬৮

## ১২.১৪। অবচয় তহবিল

জিটিসিএল-এর অনুমোদিত অবচয় তহবিল নীতিমালা রয়েছে। এ নীতিমালার আলোকে একটি ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বর্তমান স্থিতি ৯.৪৬ লক্ষ টাকা মাত্র। ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত কোম্পানির স্থায়ী সম্পদের বিপরীতে পুঞ্জীভূত অবচয় ৫,৬৭০.৩২ কোটি টাকা। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন-এর সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা অনুযায়ী জিটিসিএল-কে যে পরিমাণ ট্রান্সমিশন মার্জিন প্রদান করা হয় তাতে ডিভিডেন্ড ও ঋণের আসল পরিশোধের অর্থ অন্তর্ভুক্ত না থাকায় এবং নিজস্ব অর্থে প্রকল্প বাস্তবায়ন এবং ঋণের আসল ও ডিভিডেন্ড পরিশোধ করার ফলে তারল্য সংকট বিদ্যমান থাকায় অবচয় তহবিলে যে পরিমাণ অর্থ (৫,৬৭০.৩২ কোটি) সঞ্চিত রাখার প্রয়োজন ছিল তা রাখা সম্ভব হয়নি। তবে, ভবিষ্যতে ট্রান্সমিশন চার্জ বৃদ্ধির মাধ্যমে তারল্য সংকট উত্তরণের পর অবচয় তহবিলে অর্থ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

## ১২.১৫। কোম্পানির সামগ্রিক আর্থিক উন্নয়ন সংক্রান্ত প্রস্তাবাদি

২০২৪-২০২৫ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ ৭০৭.৪২ কোটি টাকা এবং এর ভিত্তিতে কোম্পানির নিট গড় স্থায়ী সম্পদের ওপর মুনাফার হার দাঁড়ায় (RoR) ৫.৮৮%। বর্তমানে কোম্পানির বাস্তবায়নাধীন ২টি প্রকল্পে জিটিসিএল-এর নিজস্ব তহবিল হতে সম্পূর্ণ/আংশিক অর্থের যোগান দেয়া হচ্ছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০১ জুলাই ২০২৩ হতে গ্যাস ট্রান্সমিশন চার্জ প্রতি ঘনমিটার ০.৪৭৭৮ টাকা হতে বৃদ্ধি করে ১.০২ টাকা কার্যকর করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ বিবেচনায় রেখে ২০২৬-২০২৭ অর্থবছর পর্যন্ত কোম্পানির একটি আর্থিক অভিক্ষেপণ (Financial Projection) প্রস্তুত করা হয়েছে। তদনুযায়ী প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে ২০২৬-২০২৭ অর্থবছর পর্যন্ত কোম্পানির Rate of Return (RoR) ও Debt Service Coverage Ratio (DSCR) দাঁড়াবে নিম্নরূপ:

বিবরণ	২০২৪-২০২৫	২০২৫-২০২৬	২০২৬-২০২৭
RoR (%)	৫.৮৮	২.৬৬	২.৪২
Debt Service Coverage Ratio	০.৪৪	০.৩২	০.২৭

বর্ণিত আর্থিক অভিক্ষেপণ অনুযায়ী, আলোচ্য অর্থবছরে কোম্পানির RoR ৫.৮৮% এবং Debt Service Coverage Ratio ০.৪৪ হলেও পরিকল্পনা মাফিক প্রকল্পসমূহ ২০২৬-২০২৭ অর্থবছর পর্যন্ত বাস্তবায়িত হওয়ার পর RoR এবং Debt Service Coverage Ratio হ্রাস পাবে। জিটিসিএল-এর অনুমোদিত বাজেট ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ বিবেচনায় রেখে ২০২৬-২০২৭ অর্থবছর পর্যন্ত কোম্পানির RoR ১২% এবং ১৫% অর্জন করতে হলে যে পরিমাণ ট্রান্সমিশন চার্জ নির্ধারিত হওয়া প্রয়োজন তার একটি বছরভিত্তিক হিসাব নিম্নে প্রদান করা হলো :

Rate of Return (RoR)	প্রতি ঘন মিটার গ্যাস ট্রান্সমিশন চার্জ (টাকা)		
	২০২৪-২০২৫	২০২৫-২০২৬	২০২৬-২০২৭
১২%	১.৩৫৯৫	১.৫৯৪০	১.৭১৬০
১৫%	১.৫২৭০	১.৭৭৮৫	১.৯৩৪০

## ১৩.০। প্রশাসনিক কার্যক্রম

জিটিসিএল পরিচালক পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ২৩-০৬-২০২৪ খ্রি. তারিখ হতে ৬ষ্ঠ সাংগঠনিক কাঠামো কোম্পানিতে কার্যকর করা হয়েছে। কোম্পানির অনুমোদিত ৬ষ্ঠ সাংগঠনিক কাঠামো অনুযায়ী ১৫টি ডিভিশন, ৫২টি ডিপার্টমেন্ট-এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর পরিসংখ্যান নিম্নরূপ:

### ➤ কর্মকর্তা:

নিয়মিত ৭৭২ জন কর্মকর্তা ও চুক্তিভিত্তিক ৪ জন কর্মকর্তাসহ সর্বমোট ৭৭৬ জন কর্মকর্তার সংস্থান রয়েছে। উক্ত সংস্থানের বিপরীতে বর্তমানে ৪৭৩ জন নিয়মিত কর্মকর্তা ও ১ জন চুক্তিভিত্তিক কর্মকর্তাসহ সর্বমোট ৪৭৪ জন কর্মকর্তা কর্মরত রয়েছেন। এছাড়া, ১৪ জন কর্মকর্তা বর্তমানে পিআরএল ভোগরত রয়েছেন।

### ➤ কর্মচারী:

নিয়মিত ৩০৩ জন কর্মচারী এবং চুক্তিভিত্তিক ৫৭ জন কর্মচারীসহ সর্বমোট ৩৬০ জন কর্মচারীর সংস্থান রয়েছে। উক্ত সংস্থানের বিপরীতে বর্তমানে ১০২ জন নিয়মিত ও ০৬ জন চুক্তিভিত্তিক কর্মচারীসহ সর্বমোট ১০৮ জন কর্মচারী কর্মরত রয়েছেন। এছাড়া, কোম্পানিতে ৩ জন কর্মচারী বর্তমানে পিআরএল ভোগরত রয়েছেন।

### ➤ পদোন্নতি সংক্রান্ত:

২০২৪-২০২৫ অর্থবছরে ০৪ জন কর্মকর্তাকে মহাব্যবস্থাপক পদে, ১৫ জন কর্মকর্তাকে উপ-মহাব্যবস্থাপক পদে, ৩৯ জন কর্মকর্তাকে ব্যবস্থাপক পদে, ৩৪ জন কর্মকর্তাকে উপ-ব্যবস্থাপক পদে, ১৬ জনকে সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়।

এছাড়াও, কারিগরি ক্যাডারে ০১ জন সিনিয়র প্লান্ট অপারেটরকে সহকারী কর্মকর্তা (কারিগরি) পদে, ০১ জন সিনিয়র নির্মাণ সুপারভাইজারকে সহকারী কর্মকর্তা (কারিগরি) পদে, ০৭ জন প্লান্ট অপারেটরকে সিনিয়র প্লান্ট অপারেটর পদে, ০১ জন ট্রান্সপোর্ট সুপারভাইজারকে সিনিয়র ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে এবং ০১ জন সিনিয়র টেকনিশিয়ানকে টেকনিশিয়ান (টেলিকম) পদে পদোন্নতি প্রদান করা হয় এবং ০১ জন কর্মচারীকে সহকারী কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। অপরদিকে, সাধারণ

ক্যাডারে ০১ জন কেয়ারটেকারকে সিনিয়র কেয়ারটেকার পদে, ০১ জন জুনিয়র কেয়ারটেকারকে কেয়ারটেকার পদে, ০১ জন জুনিয়র কেয়ারটেকারকে রেকর্ডকিপার পদে, ০১ জন সিনিয়র ডেসপাস রাইডারকে রেকর্ডকিপার পদে এবং ০১ জন সিনিয়র স্টোর হেলপারকে রেকর্ড কিপার পদে পদোন্নতি প্রদান করা হয়।

## ১৪.০। নিয়োগ ও প্রশিক্ষণ কার্যক্রম

### ১৪.১। জনবল নিয়োগ

- ক) আলোচ্য অর্থবছরে কর্মকর্তা পর্যায়ে সহকারী ব্যবস্থাপক (সাধারণ), সহকারী প্রকৌশলী, সহকারী ব্যবস্থাপক (অর্থ/হিসাব), সহকারী কর্মকর্তা (সাধারণ), উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী কর্মকর্তা (অর্থ/হিসাব) পদে মোট ৬৮ (আটষষ্ঠি) জনকে পেট্রোবাংলার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- খ) কর্মচারী পর্যায়ের বিভিন্ন ক্যাডারে রিসিপশনিস্ট পদে ০১ (এক) জন, ইলেকট্রিশিয়ান পদে ০৩ (তিন) জন, কম্প্রেশর অপারেটর পদে ০৪ (চার) জন, ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে ০১ (এক) জন, টেকনিশিয়ান পদে ০৩ (তিন) জন ও জুনিয়র টেকনিশিয়ান পদে ০২ (দুই) জনসহ মোট ১৪ (চৌদ্দ) জনকে নিয়োগদান করা হয়।

### ১৪.২। মানব সম্পদ উন্নয়ন

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির প্রশিক্ষণ খাতের রাজস্ব ও উন্নয়ন বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে কোম্পানিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কারিগরি ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে খ্যাতনামা প্রতিষ্ঠানের মাধ্যমে ও কোম্পানির নিজস্ব ভেন্যুতে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অন্তর্ভুক্ত সকল প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপ নির্ধারিত সময়ে আয়োজন করা হয়েছে। এছাড়া, বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্টের যথোপযুক্ত চাহিদার ভিত্তিতে কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রশাসনিক ও কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। সর্বমোট ১১৬ টি স্থানীয় প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপের মাধ্যমে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে মোট ২৫,৬১৫ কর্মঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অপরদিকে, ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় কোন বৈদেশিক Training/Workshop /Inspections অনুষ্ঠিত হয়নি।



Transparency, Accountability and Good Governance বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ



**১৫.০। জিটিসিএল-এর বিভিন্ন চ্যালেঞ্জ, চ্যালেঞ্জ হতে উত্তরণ এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক:**

ক্রমিক নং	চ্যালেঞ্জ	উত্তরণের উপায়
১.	গ্যাস পরিমাপের কারিগরি পার্থক্য: ২০২৪-২০২৫ অর্থবছরে কারিগরি পার্থক্য ১.৫৭% যার আর্থিক সংশ্লেষ ৭৬০.৬৪ কোটি টাকা।	কারিগরি পার্থক্য হ্রাস করণের নিমিত্ত মিটারিং সিস্টেমের আপগ্রেডেশন-এর লক্ষ্যে ১৭টি অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে যার মধ্যে ১২টি মিটারিং স্টেশন স্থাপন সম্পন্ন হয়েছে। এছাড়া, ইনটেক ও অফটেকের কারিগরি পার্থক্য হ্রাসকরণের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন: (ক) শেভরন বাংলাদেশ লিঃ কর্তৃক পরিচালিত বিবিয়ানা গ্যাসক্ষেত্র হতে জেজিটিডিএসএল-এর বাক্স গ্রাহকসমূহ এবং আউশকান্ডি ডিআরএস-কে সরাসরি সরবরাহকৃত গ্যাস গ্যাসফিল্ড প্রান্তে Dedicated মিটারিংয়ের মাধ্যমে সরবরাহ করা; (খ) শেভরন বাংলাদেশ কর্তৃক পরিচালিত জালালাবাদ গ্যাস ফিল্ড হতে জেজিটিডিএসএল-এর আওতাধীন দেবপুর স্টেশনে ফ্লো-কম্পিউটার যুক্ত একক মিটারিংয়ের মাধ্যমে গ্যাস গ্রহণের ব্যবস্থা করা; (গ) তিতাস গ্যাস ফিল্ড লোকেশন-সি হতে জিটিসিএল পাইপলাইনে সরবরাহকৃত গ্যাস প্রকৃত মিটারিংয়ের মাধ্যমে হিসাবকরণ; (ঘ) বিজিএফসিএল কর্তৃক পরিচালিত গ্যাসফিল্ডসমূহে (তিতাস গ্যাস ফিল্ড লোকেশন-এ, সি, ই, জি, আই, জে; বাখরাবাদ, মেঘনা ও হবিগঞ্জ গ্যাস ফিল্ড) সরবরাহকৃত গ্যাসের পরিমাণ হিসাবকরণে চার্ট রেকর্ডারের পরিবর্তে ফ্লো-কম্পিউটার স্থাপনকরণ; (ঙ) ভান্ড স্টেশন-ই (VS-E) এর নিকটে ফেঞ্চুগঞ্জে একটি মিটারিং স্টেশন স্থাপন; (চ) পিজিসিএল-এর আওতাধীন NWPGL সিরাগঞ্জস্থ বিদ্যুৎকেন্দ্রে বিদ্যমান মুলিবাড়ী মিটারিং স্টেশন হতে গ্যাস পরিমাপপূর্বক সরবরাহের লক্ষ্যে মুলিবাড়ী অফটেক হতে সয়দাবাদ ভান্ড স্টেশন পর্যন্ত ৫ (পাঁচ) কি.মি. পাইপলাইন নির্মাণ অথবা সয়দাবাদে জিটিসিএল-এর মালামাল ব্যবহার করে মিটারিং স্টেশন নির্মাণ করা; এবং (ছ) মিটারিং ব্যবস্থা জোরদার ও নিশ্চিতকরণ/স্বচ্ছতা আনয়ন করা।
২.	চলমান প্রকল্পের অর্থায়ন: বর্তমানে ২টি প্রকল্প (বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর পাইপলাইন প্রকল্প) ও (জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টে গ্যাস স্টেশন স্থাপন ও মডিফিকেশন প্রকল্প) চলমান রয়েছে।	বিজিটিসিএল-এর সাথে চুক্তিবদ্ধ ঋণের অর্থ যথাসময়ে প্রাপ্তি নিশ্চিত করা।
৩.	ভবিষ্যৎ প্রকল্পের অর্থায়ন	জিটিসিএল-এর তারল্য সংকট বিদ্যমান থাকায় ভবিষ্যৎ প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে অর্থায়ন নিশ্চিত করা ও শতভাগ ইকুইটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা।
৪.	সঞ্চালন পাইপলাইন হস্তান্তর	পেট্রোবাংলার মাধ্যমে নিম্নোক্ত ৫টি পাইপলাইন (জেজিটিডিএসএল-এর ২টি এবং টিজিটিডিপিএলসি-এর ৩টি) জিটিসিএল-এর নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক: <ul style="list-style-type: none"> <li>৮" ব্যাস X ০.৫ কি.মি. হবিগঞ্জ গ্যাস ফিল্ড-শাহাজীবাজার, টিবিএস গ্যাস সঞ্চালন পাইপলাইন;</li> <li>২০" ব্যাস X ১০.০ কি.মি. বিবিয়ানা-নবিগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন;</li> <li>১২" ব্যাস X ৫৭.৭৫ কি.মি. হবিগঞ্জ-আশুগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন;</li> <li>১৪" ব্যাস X ৫০.৪৬ কি.মি. তিতাস গ্যাস ফিল্ড (ঘাটুরা) হতে ভান্ড স্টেশন-৩ হয়ে নরসিংদী গ্যাস সঞ্চালন পাইপলাইন; এবং</li> <li>১৬" ব্যাস X ৪৬.৩১ কি.মি. তিতাস গ্যাস ফিল্ড (ঘাটুরা)-নরসিংদী গ্যাস সঞ্চালন পাইপলাইন।</li> </ul> উক্ত বিষয়ে পেট্রোবাংলা প্রান্তে একটি কমিটি গঠিত হয়েছে যার প্রথম সভা ১০-০৩-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়।

ক্রমিক নং	চ্যালেঞ্জ	উত্তরণের উপায়
৫.	<b>সঞ্চালন পাইপলাইনের সক্ষমতা অনুযায়ী ব্যবহার:</b> কোম্পানির ১০ ইঞ্চি থেকে ৪২ ইঞ্চি ব্যাসের ২১৭৭.৬০ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন রয়েছে যার সক্ষমতা প্রায় ৫০০০ এমএমএসসিএফডি। কিন্তু ২০২৪-২০২৫ অর্থবছরে দৈনিক গড় ২,০৮৯ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা হয়েছে।	দেশীয় উৎপাদন বৃদ্ধি ও এলএনজি আমদানি সমন্বয় করে জিটিসিএল-এর গ্রিডের মাধ্যমে গ্যাস সঞ্চালন পরিমাণ বৃদ্ধি করা অথবা বিদ্যুৎ সেক্টরের ন্যায্য সক্ষমতার অব্যবহৃত অংশের জন্য ক্যাপাসিটি চার্জ প্রবর্তন করা।
৬.	<b>বকেয়া পাওনা:</b> পেট্রোবাংলাসহ বিভিন্ন কোম্পানির নিকট ক্রমপুঞ্জিত পাওনার পরিমাণ জুন, ২০২৫ পর্যন্ত ২,২৬৬.৯৫ কোটি টাকা।	সময়মত বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে পেট্রোবাংলা পর্যায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
৭.	<b>DSL বাবদ বকেয়া:</b> যথাসময়ে DSL পরিশোধ না করায় DSL বাবদ পরিশোধিতব্য অর্থের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। জুন, ২০২৫ পর্যন্ত DSL বাবদ অপরিশোধিত অর্থের পরিমাণ ১,৪৫৪.৩৭ কোটি টাকা।	জিটিসিএল-এ তারল্য সংকট বিদ্যমান থাকায় পেট্রোবাংলা ও অন্যান্য কোম্পানিসমূহ কর্তৃক জিটিসিএল-এর পাওনা পরিশোধ করা।
৮.	<b>সিস্টেম লস/কারিগরি পার্থক্যের কারণে বকেয়া:</b> কারিগরি পার্থক্য/সিস্টেম লস বাবদ জিটিসিএল-এর নিকট জুন, ২০২৫ পর্যন্ত বিভিন্ন কোম্পানির বকেয়া পাওনার পরিমাণ ২,৩০৬.৪৫ কোটি টাকা।	জিটিসিএল-এর নিকট ১.৫-২% সিস্টেম/কারিগরি পার্থক্য বাবদ প্রাপ্য অর্থ পেট্রোবাংলা ও অন্যান্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের দেনা-পাওনার সাথে সমন্বয় করা/জিটিসিএল-এর কারিগরি ক্ষতির অর্থ পেট্রোবাংলা ও অন্যান্য কোম্পানি কর্তৃক মওকুফ করা।
৯.	<b>গ্যাস ও কনডেনসেট পরিবহনে হুইলিং চার্জ:</b> ০১ জুলাই ২০২৩ হতে গ্যাস ট্রান্সমিশন চার্জ প্রতি ঘনমিটার ০.৪৭৭৮ টাকা হতে বৃদ্ধি করে ১.০২ টাকা বরাদ্দ করা হয় এবং ২০০৩ সাল হতে প্রতি লিটার কনডেনসেট পরিবহনে ১.০০ টাকা প্রতিলিটার সঞ্চালন চার্জ প্রদান করা হচ্ছে যা খরচের তুলনায় অপ্রতুল।	গ্যাস ট্রান্সমিশন চার্জ প্রতি ঘনমিটার ১.০২ টাকা হতে যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করা এবং কনডেনসেট সঞ্চালন চার্জ প্রতি লিটার ১.০০ টাকা হতে ২.৫০ টাকায় বৃদ্ধি করা।
১০.	<b>স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন এবং মার্চ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের স্টেশন এলাউন্স প্রদান করা।</b>	বিদ্যুৎ সেক্টরের সাথে বেতন কাঠামো বৈষম্য থাকায় নতুন নিয়োজিত কর্মকর্তাদের চাকুরি হতে ইস্তফা প্রদানের (ড্রপ আউট) হার অত্যধিক। উল্লেখ্য, ২০১৮ সালে যোগদানকৃত ১৩৪ জন জনবলের মধ্যে ৭৬ জন এবং ২০২২ সালে যোগদানকৃত ১৭৯ জন জনবলের মধ্যে ১০৬ জন চাকুরি হতে ইস্তফা প্রদান করে। এ প্রেক্ষিতে বিদ্যুৎ সেক্টরের ন্যায্য স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন এবং মার্চ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের স্টেশন এলাউন্স প্রদান করা।

## ১৬.০। নিরীক্ষা কার্যক্রম

### ১৬.১। অভ্যন্তরীণ নিরীক্ষা

- সাধারণতঃ হিসাব ডিভিশন কর্তৃক বিল প্রক্রিয়াসূত্রে প্রাক-নিরীক্ষার জন্য কোম্পানি অডিট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয় এবং তার ওপর নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। এ প্রক্রিয়ার ধারাবাহিকতায় ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরে কোম্পানির বিলসমূহ যথানিয়মে নিরীক্ষাসূত্রে অডিট ক্লিয়ারেন্স প্রদান করা হয়েছে। অনুরূপভাবে প্রকল্পের বিলসমূহ প্রকল্প অডিট ডিপার্টমেন্ট কর্তৃক যথানিয়মে নিরীক্ষাসূত্রে অডিট ক্লিয়ারেন্স প্রদান করা হয়েছে। নিরীক্ষাকালে কোন প্রকার ত্রুটি বিচ্যুতির প্রমাণ পাওয়া যায়নি;
- ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরে কোম্পানির চাকুরী পরিসমাপ্তিতে কর্মকর্তা ও কর্মচারীদের ছুটি নগদায়ন, গ্রাচুইটি, সিপিএফ ও কল্যাণ তহবিল সংক্রান্ত দেনা-পাওনাসহ কোম্পানির অন্যান্য সকল দেনা-পাওনার হিসাবের উপর নিরীক্ষা কার্যক্রম পরিচালনাসূত্রে অডিট ক্লিয়ারেন্স প্রদান করা হয়েছে;
- ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য প্রণীত কোম্পানির সরকারি, আন্তঃকোম্পানি ও বৈদেশিক ঋণ ও তার সুদ, বিনিময় হারের অবমূল্যায়নজনিত ক্ষতি প্রভৃতি হিসাবের ওপর নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে;
- ৩০ জুন, ২০২৫ তারিখে কোম্পানির ক্যাশ কাউন্টারে রক্ষিত নগদ অর্থের ওপর নিরীক্ষা করা হয়েছে এবং নিরীক্ষাসূত্রে কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়নি;

৬) কোম্পানি অডিট ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে গঠিত ফিজিক্যাল ইনভেন্টরি কমিটির মাধ্যমে কোম্পানি ও প্রকল্পের ৩০ জুন ২০২৫ তারিখের সম্পদ/পরিসম্পদ ও মজুদ মালামালের সরেজমিনে বাস্তব গণনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।

## ১৬.২। অডিট আপত্তি নিষ্পত্তি

ডিপার্টমেন্ট	আপত্তি উত্থাপনকারী অডিট অধিদপ্তর	২০২৪-২০২৫						
		অনিষ্পন্ন আপত্তির সংখ্যা (০১-০৭-২০২৪)	দ্বি-পক্ষীয় সভা	ত্রি-পক্ষীয় সভা	উত্থাপিত আপত্তি	নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত আপত্তির জড়িত অর্থের পরিমাণ	অনিষ্পন্ন আপত্তির সংখ্যা (৩০-০৬-২০২৫)
প্রকল্প অডিট	বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাণ্ডা)	৪৮টি (৭টি রিপোর্টভুক্ত, ২৬টি SFI ও ১৫টি non-SFI)	-	০১টি	-	০১টি SFI	৫.৯৫ লক্ষ টাকা	৪৭টি (৭টি রিপোর্টভুক্ত, ২৫টি SFI ও ১৫টি non-SFI)
কোম্পানি অডিট	বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তর	১০২টি (১৫টি রিপোর্টভুক্ত, ৬৭টি SFI ও ২০টি non-SFI)	০১টি	০২টি	-	১৩টি (০৮টি SFI ও ০৫টি non-SFI)	১৯,২৩৬.৩০ লক্ষ টাকা	৮৯টি (১৫টি রিপোর্টভুক্ত, ৫৯টি SFI ও ১৫টি non-SFI)

উল্লেখ্য, ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি অডিট সংক্রান্ত ১০২টি অনিষ্পন্ন আপত্তির মধ্যে ০৮টি (SFI) আপত্তি ০২টি ত্রি-পক্ষীয় সভায় এবং ০৫টি (Non-SFI) আপত্তি ০১টি দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করা হয়। অপরদিকে, প্রকল্প অডিট সংক্রান্ত ৪৮টি অনিষ্পন্ন আপত্তির মধ্যে ০১টি (SFI) আপত্তি ব্রডশীট জবাবের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। অনিষ্পন্ন আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উভয় ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ অব্যাহত রয়েছে:

- আপত্তি দ্রুত নিষ্পত্তিকল্পে নিয়মিত ত্রি-পক্ষীয় ও দ্বি-পক্ষীয় সভার আয়োজন।
- উপযুক্ত প্রমাণকসহ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব প্রদান করা।
- একই ধরনের অডিট আপত্তিসমূহ ক্লাস্টার করে দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে।
- পাওনা আদায় সংক্রান্ত আপত্তি নিষ্পত্তিকল্পে বিভিন্ন কোম্পানি হতে আদায়ী পাওনা আদায়/সমন্বয়ের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়া গ্রহণ চলমান রয়েছে।
- আপত্তি নিষ্পত্তিকল্পে মন্ত্রণালয়, অডিট অধিদপ্তর ও পেট্রোবাংলার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে।
- সংকলনভুক্ত আপত্তিসমূহ পিএ কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ১৭.০। বীমা কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির ৫০টি ইন্স্যুরেন্স পলিসির বিপরীতে বার্ষিক প্রিমিয়াম বাবদ প্রায় ৬.৮৪ কোটি (ছয় কোটি চুরাশি লক্ষ মাত্র) টাকা পরিশোধ করা হয়েছে। সর্বমোট ৫০টি ইন্স্যুরেন্স পলিসির বিস্তারিত তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	ইন্স্যুরেন্স পলিসির নাম	বিবরণ	পলিসির সংখ্যা
১।	All Risk Insurance Policy	এলেক্সা-বাঘাবাড়ি গ্যাস সঞ্চালন পাইপলাইন (যমুনা সেতুর ৯.২ কিলোমিটার অংশ)	১টি
২।	Operational Package of All Risk's/ Machinery Breakdown (Comprehensive Machinery (CM) Insurance) Including Public & Product Liability Insurance	আশুগঞ্জ গ্যাস কম্প্রেশর স্টেশন এবং এলেক্সা গ্যাস কম্প্রেশর স্টেশন	২টি
৩।	Fire, Earthquake, Flood & Cyclone	বিভিন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইনের আওতায় নির্মিত প্ল্যান্ট অ্যান্ড মেশিনারিজ, বিল্ডিং/স্থাপনা প্রভৃতি	২১টি
৪।	Third party/Public Liability	বিভিন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন	২৬টি
সর্বমোট			৫০টি



## ১৮.০। কোম্পানি কর্তৃক পরিচালনাধীন মামলা

- (ক) কোম্পানির পক্ষে/বিপক্ষে নিম্ন আদালতে ১৫টি এবং উচ্চ আদালতে ১৭ টিসহ মোট ৩২টি মামলা বিচারাধীন রয়েছে। উক্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ কোম্পানির ল' সেল এবং সংশ্লিষ্ট ডিভিশনের মাধ্যমে মামলাসমূহ নিয়মিত মনিটর করা হচ্ছে; এবং
- (খ) কোম্পানির গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পের বিপরীতে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক বিভিন্ন সময়ে অতিরিক্ত আর্থিক দাবি সংক্রান্ত বিষয়ে ০২টি এবং জিটিসিএল কর্তৃক Liquidated Damage (LD) কর্তন সংক্রান্ত বিষয়ে ০১টিসহ মোট ০৩টি Arbitral Tribunal চলমান রয়েছে এবং উক্ত Arbitral Tribunal ০৩টির কার্যক্রম কোম্পানির ল' সেল এবং সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্পের মাধ্যমে নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

## ১৯.০। নিরাপত্তা কার্যক্রম

- ১৯.১। কোম্পানির সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে প্রবেশের ক্ষেত্রে প্রধান ফটকে মেটাল ডিটেক্টর ও ডেহিকেল মিরর দ্বারা তত্ত্বাবধি ব্যবস্থা রয়েছে এবং নিরাপত্তা জোরদারের ক্ষেত্রে সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় দর্শনার্থী প্রবেশের সময় দর্শনার্থীর বিবরণ যেমন- নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, তারিখ ও সময়, আগমনের উদ্দেশ্য, প্রস্থানের সময় ইত্যাদি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করা হয়। এছাড়া, জিটিসিএল প্রধান কার্যালয় ভবনের মূল প্রবেশদ্বারে আর্চওয়ে গেইট রয়েছে।
- ১৯.২। কেপিআইভুক্ত স্থাপনাসহ কোম্পানির অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনা ও পাইপলাইনসমূহের নিরাপত্তায় ২০২৪-২৫ অর্থবছরে মোট ২২৪ জন আনসার সদস্য (সশস্ত্র ২০৫ জন এবং নিরস্ত্র ১৯ জন) এবং প্যাট্রোলম্যানসহ মোট ১০৫৪ জন আউটসোর্সিং নিরাপত্তা জনবল নিয়োজিত রয়েছে। কোম্পানির পরিচালক পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী জিটিসিএল প্রধান কার্যালয় ও সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় হতে ঝুঁকিপূর্ণ পাইপলাইনসমূহে জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং ডিভাইস এর মাধ্যমে অনলাইন ওয়েবপোর্টাল ব্যবহার করে লাইনম্যানগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছে কি-না তা মনিটরিং করা হচ্ছে। ইতোমধ্যে ০৫ টি গ্যাস পাইপলাইন ও ১টি কনডেনসেট পাইপলাইন জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিংয়ের আওতায় আনা হয়েছে। এছাড়া, সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সার্বক্ষণিক মনিটরিং এর জন্য কোম্পানিতে ৪৪৮টি সিসি ক্যামেরা/আইপি ক্যামেরা রয়েছে।



বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪-২০২৫

## ১৯.৩। জিটিসিএল-এ বর্তমানে শ্রেণিভিত্তিক ৮টি কেপিআই স্থাপনা রয়েছে যা নিম্নরূপ:

- (ক) গ্যাস মিটারিং এ্যান্ড মেনিফোল্ড স্টেশন, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া : ১(ক) শ্রেণির কেপিআই;
- (খ) মুচাই ভান্ড স্টেশন, হবিগঞ্জ : ১(ক) শ্রেণির কেপিআই;

(গ) চট্টগ্রাম সিজিএস, চট্টগ্রাম	: ১(খ) শ্রেণির কেপিআই;
(ঘ) গ্যাস কম্প্রেশর স্টেশন, গ্যাস মেনিফোল্ড এন্ড মিটারিং স্টেশন, স্কাডা কন্ট্রোল সেন্টার, এলেক্সা, টাঙ্গাইল	: ১(খ) শ্রেণির কেপিআই;
(ঙ) আইসিএস, ফেনী	: ১(গ) শ্রেণির কেপিআই;
(চ) বাঘাবাড়ী সিজিএস, সিরাজগঞ্জ	: ১(গ) শ্রেণির কেপিআই;
(ছ) আনোয়ারা সিজিএস, চট্টগ্রাম	: ১(গ) শ্রেণির কেপিআই;
(জ) সিটিএমএস মহেশখালী, কক্সবাজার	: ১(গ) শ্রেণির কেপিআই।

**১৯.৪।** কোম্পানির কেপিআই, পাইপলাইনসমূহ এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা তদারকির জন্য ‘বিভাগীয় স্থায়ী নিরাপত্তা কমিটি’ এবং ‘স্থাপনা ভিত্তিক স্থায়ী নিরাপত্তা কমিটি’ রয়েছে এবং উক্ত কমিটিসমূহের মাধ্যমে নিরাপত্তা কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। এছাড়া, কোম্পানির কেপিআইসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নির্দিষ্ট সময় অন্তর অন্তর স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ কর্তৃক ভেটিং কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে।

## ২০.০। ক্রয় কার্যক্রম

চলতি অর্থ বছরে কোম্পানি ও এর আওতাধীন চলমান বিভিন্ন প্রকল্পের আমদানিকৃত মালামালের (লাইনপাইপ, ইন্ডাকসন বেডস, কোটিং এ্যান্ড র‍্যাপিং ম্যাটেরিয়াল, ফিটিংস ও পিগ ট্রাপস এবং বল, গেট ও প্লাগ ভাল্বস) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কার্যক্রম কোম্পানি কর্তৃক নিয়োজিত পিএসআই এজেন্ট M/S TUV SUD Bangladesh (Pvt.) Ltd. এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। এছাড়া, কোম্পানির অপারেশনাল কাজের স্বার্থে রাজস্ব বাজেট হতে প্রয়োজনীয় বৈদেশিক মালামাল (আনোয়ারা সিজিএস চট্টগ্রাম এর জন্য Regulator Repair Kits) ক্রয় করা হয়েছে।

## ২১.০। কল্যাণমূলক কার্যক্রম

মানবিক মূল্যবোধের উজ্জীবন, পারস্পরিক সমঝোতা, সহমর্মিতা, বিশ্বাস, আস্থা ও আনুগত্য বৃদ্ধির লক্ষ্যে কোম্পানি বিভিন্ন প্রণোদনামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি শিক্ষা, সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও বিনোদনমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে যা নিম্নরূপ :

### ২১.১। জুলাই, ২৪ গণ অভ্যুত্থানে ক্ষতিগ্রস্তদের সহযোগিতা

